(8) $\dfrac{\overline{Z}_1}{\overline{Z}_2} = \overline{Z}_1 \overline{Z}_2^{-1}$

We now describe the definition of the complex conjugate $\overline{Z}^*$ of $\overline{Z}$ by

(9) $\mu(z \mid \overline{Z}^*) = (\bar{z} \mid \overline{Z})$

where $\bar{z} = x - iy$ is the complex conjugate of $z = x + iy$

The modulus $|\overline{Z}|$ of $\overline{Z}$ is defined by

(10) $\mu(r \mid \overline{Z}) = \sup \{\mu(z \mid \overline{Z}) : |\bar{z}| = r\}$

where r is the modulus of z.

Here the important facts to be noted that the addition and multiplication of fuzzy complex numbers may be performed by using $\alpha-$cuts. Let

(11) $S^\alpha = \{z_1 + z_2 : (z_1, z_2) \varepsilon \overline{Z}_1^\alpha \times \overline{Z}_2^\alpha\}$,

(12) $P^\alpha = \{z_1 z_2 : (z_1, z_2) \varepsilon \overline{Z}_1^\alpha \times \overline{Z}_2^\alpha\}$,

In the following theorem, we now observe that sum and multiplication of two fuzzy complex numbers are done by using $\alpha -$ cuts.

Theorem 1. [2] If $\bar{W} = \bar{Z}_1 + \bar{Z}_2$, then $\bar{W}^{\alpha} = S^{\alpha}$ Again if $\bar{W} = \bar{Z}_1 \bar{Z}_2$, then $\bar{W}^{\alpha} = P^{\alpha}$

Theorem 2. [2] $\bar{Z}_1 + \bar{Z}_2,\ \bar{Z}_1 \bar{Z}_2,\ \bar{Z}_1 - \bar{Z}_2,\ \bar{Z}_1 / \bar{Z}_2$, *are fuzzy complex numbers if* $\bar{Z}_1$ *and* $\bar{Z}_2$ *are fuzzy complex numbers.*

To prove the above theorem we are to take the help of the following two lemmas.

Lemma 1. If $\bar{W} = \bar{Z}_1 + \bar{Z}_2$, or $\bar{W} = \bar{Z}_1 \bar{Z}_2$, then $\bar{W}^{\alpha}$ is open for $0 \leq \alpha < 1$.

Lemma 2. Let $\bar{W} = \bar{Z}_1 + \bar{Z}_2$, or $\bar{W} = \bar{Z}_1 \bar{Z}_2$. Suppose $w_n \varepsilon \bar{W}^{\circ}$ converges to w and $\mu (w_n / \bar{W})$ converges to λ in [0 , 1]. Then $\mu (w \mid \bar{W}) \geq \lambda$.

We now state another theorem which involve the modulus of fuzzy complex numbers.

Theorem 3. [2] (i) $| \bar{Z}_1 + \bar{Z}_2 | \leq | \bar{Z}_1 | + | \bar{Z}_2 |$

(ii) $| \bar{Z}_1 \bar{Z}_2 | = | \bar{Z}_1 | | \bar{Z}_2 |$

(iii) $| \bar{Z}_1 / \bar{Z}_2 | = | \bar{Z}_1 | / | \bar{Z}_2 |$.

Rectangular fuzzy complex numbers : If $\bar{X}$ and $\bar{Y}$ are real fuzzy numbers with membership fuction

$\mu (x \mid \bar{X})$ and $\mu (y \mid \bar{Y})$ respectively, then

(13) $\quad \bar{Z} = \bar{X} + i \bar{Y}$

is a fuzzy complex number with membership function

(14) $\quad \mu (x \mid \bar{Z}) = \min \{ \mu (x \mid \bar{X}), \mu (y \mid \bar{Y}) \}$

where $z = x + iy$.

Involving the rectangular fuzzy complex numbers, the author proved a few basic properties.

$\bar{Z}$ based on $re^{i\theta}$:If $\bar{R} \geq 0$ is a real fuzzy number and $\bar{\theta}$ is another real fuzzy number so that the diameter of *suupp* $(\bar{\theta}) < 2\pi$, then

(15) $\quad \bar{Z} = \bar{R} e^{i\theta}$, is a fuzzy complex number with

(16) $\quad \mu (z \mid \bar{Z}) = \min \{ \mu (r \mid \bar{R}), \mu (\theta \mid \bar{\theta})$

where $z = re^{i\theta}$. The algebra of these types of fuzzy complex numbers, defined in terms of their $\alpha -$ cuts, has been investigated in [3].

To develop the calculus on $\overline{C}$, we now define a metric on $\overline{C}$ and for this we will need to define the real part and the imaginary part of $\overline{Z}$.

Definition 2. *The real part of* $\overline{Z}$ *is denoted by* $Re\overline{Z}$ *and defined to be the projection of the surface*

$\alpha = \mu\,(z \mid \overline{Z})$, $z = x + iy$ *onto the* αx *plane with membership function give by*

$$(17) \qquad \mu\,(z \mid \mathrm{Re}\,\overline{Z}) = \max_y \{\, \mu\,(z \mid \overline{Z}) : x + iy = z \,\}$$

The imaginary part of $\overline{Z}$ is denoted by $Im\overline{Z}$ and the similar expression holds for $Im\overline{Z}$.

Note 1. $\overline{Z}$ will not equal to Re $\overline{Z}$ + i $Im\overline{Z}$ unless it is a rectangular fuzzy complex number.

Let D be any complete metric [5] defined on the space of real fuzzy numbers. We may extend D to $\overline{C}$ in many ways and one procedure is to defined by

$$(18) \qquad \overline{F} = (\overline{Z}_1, \overline{Z}_2) = \max \{\, D\,(\mathrm{Re}\,\overline{Z}_1, \mathrm{Re}\,\overline{Z}_2),\ D\,(Im\overline{Z}_1, Im\overline{Z}_2) \}$$

$\overline{F}$ is metric on $\overline{C}$ producing a complete metric space *C*. Using the concept of this metric, in a few subsequent papers [3], [4], the concepts of continuity, differentiability, integrability for the functions from *C* into *C* has been developed. But, there remains so many facts of the regular comlex analysis to be investigated in the fuzzy complex analysis. For example, I like to raise the following open problems.

Open Problems :

Problem 1. *What would be the form of the Couchy - Riemann equation for a fuzzy complex valued fucntion ?*

Problem 2. *How an entire function can be represented by power series in the fuzzy complex plane ?*

Problem 3. *Is it possible to establish the Couchy integral formula in the fuzzy complex plane, if so, how is it possible ?*

Problem 4. *Is it possible to define Möbious transforms in the fuzzy complex plane, if so, how is it possible ?*

Problem 5. *Is it possible to define meromorphic function in the fuzzy complex plane, if so, how is it possible ?*

Section II

Philosophy

স্বাধীনতা,দায়িত্ববোধ ও নৈতিকতা ঃ সাত্রীয় দর্শনের প্রেক্ষায়

ডঃ অদিতি ভট্টাচার্য
রীডার দর্শন বিভাগ

ফরাসী দার্শনিক জাঁ পল সার্ত্র এক বহুমুখী ব্যক্তিত্ব — তিনি একাধারে দার্শনিক, ঔপন্যাসিক, নাট্যকার, প্রাবন্ধিক ও সর্বোপরি সমাজসচেতন প্রতিবাদী এক মানুষ। কম্যুনিস্ট মতাদর্শে বিশ্বাসী হয়েও তিনি প্রতিবাদে সরব হয়েছেন যখন কম্যুনিস্ট ফ্রান্স আলজেরিয়ার উপর অত্যাচার চালিয়েছে। এ কারণে তিনি কম্যুনিস্টদের দ্বারা ভীষণভাবে সমালোচিত হয়েছেন, কিন্তু তিনি তাতে বিচলিত হন নি — কোনো মতবাদের অন্ধ সমর্থক হয়ে মানবিকতাবোধকে তিনি কখনোই বিসর্জন দেন নি। তাঁর সবচেয়ে বড় পরিচয় তিনি একজন মানবতাবাদী। দার্শনিক হিসাবে সার্ত্র একদিকে অস্তিবাদী (existentialist) অপরদিকে অবভাসবাদী (phenomenological) ভাবধারার অনুসারী। এই দুই প্রকার দর্শনের কোনটাই মানুষের বৌদ্ধিক সত্তার বিশ্লেষণে আগ্রহ প্রকাশ করে নি। ঐতিহ্যবাহী (traditonal) দার্শনিক বিশ্লেষণ থেকে সরে এসে এই দুই প্রকার দর্শনই মানুষের সামগ্রিক সত্তা (whole being) নিয়ে আলোচনা করতে চেয়েছে। অস্তিবাদী দার্শনিকরা ব্যক্তি মানুষের অস্তিত্বের সমস্যা নিয়ে আলোচনা করেছেন, অপরদিকে অবভাসবাদী দার্শনিকেরা মূলতঃ অগ্রহী হয়েছেন মানুষের চেতনাগত বিশ্লেষণে। সার্ত্র এই দুইপ্রকার ভাবধারার দ্বারা পরিপুষ্ট হলেও দর্শনের জগতে মূলতঃ তিনি পরিচিত অস্তিবাদী দার্শনিক হিসাবেই। তিনি তাঁর দর্শনে মানুষের অস্তিত্বের সমস্যা নিয়ে আলোচনা করেছেন এবং মানুষের অস্তিত্বের তাৎপর্যকে বুঝাতে গিয়ে তাকে চিহ্নিত করেছেন স্বাধীন অস্তিত্বরূপে। অন্যান্য অস্তিবাদী দার্শনিকদের মতই সার্ত্র মনে করেন মানুষের অস্তিত্ব এবং স্বাধীনতা অপৃথক (indistinguishable)। সার্ত্রের ভাষায় - "Man does not exist first in order to be free subdequently; there is no difference between the being of man and his being-free"[১] মানুষ প্রথমে অস্তিত্বশীল হয় তারপর স্বাধীন হয় এমন নয়, মানুষের সত্তা বা অস্তিত্ব আর তার স্বাধীনতার মধ্যে কোনো পার্থক্য নেই। এখন প্রশ্ন হল এই কথাটির সঠিক তাৎপর্য কি? অর্থাৎ এই বক্তব্যের মধ্যে দিয়ে অস্তিবাদী দার্শনিকরা কি বোঝাতে চান?

সার্ত্র তাঁর Being and Nothingness গ্রন্থে মানুষের স্বাধীন অস্তিত্বের বিশ্লেষণ

---

[১] Being and Nothingness, J.P. Sartre. Methuen and Co. Ltd. University paper back Edition, 1977, page 25.

করতে গিয়ে স্পষ্ট ভাষায় বলেছেন স্বাধীনতা মানুষের কোনো প্রদত্ত গুণ বা সম্পদ (given quality or property) নয় — এটি তার কোনো বাস্তব অবস্থা নয়। প্রতিনিয়ত নির্বাচন ক্রিয়া (act of choice) ও সিদ্ধান্ত নেবার ক্ষমতার (decision making power) মধ্যে দিয়ে মানুষকে তার অস্তিত্বের স্বাধীনতাকে উপলব্ধি করতে হয়। তাই যদি হয় তাহলে মানুষের অস্তিত্ব আর স্বাধীনতা সমার্থক হয় কিভাবে? সার্ত্র বলেন বিষয়টা স্পষ্ট হয় যখন জগতের অন্যান্য অস্তিত্বশীল বস্তুর বৈপরীত্যে আমরা মানুষের অস্তিত্বকে স্থাপন করি। জগতের অন্যান্য সমস্ত কিছুকে সার্ত্র বলেছেন 'finished product' কারণ এদের অন্য কিছু হয়ে ওঠার সম্ভাবনা নেই। সৃষ্টির মুহূর্তেই যেন এদের ভাগ্য নির্দ্ধারিত হয়ে গেছে — তাদের সত্তায় কোনো অনির্দ্দিষ্টতা নেই, নেই কোনো পরিবর্তনের সম্ভাবনা। অথচ মানুষ? তার সত্তায় নিশ্চিত, সুনির্দ্দিষ্ট বলে কিছু নেই। কোনো মুহূর্তেই কোনো মানুষ সম্পর্কে বলা যায় না যে এটাই তার সম্পর্কে শেষ কথা। সে চিরসম্ভাবনাময় — সে চির অধরা। অস্তিবাদী দার্শনিকেরা মনে করেন মানুষী সত্তার এই অনন্ত সম্ভাবনার মধ্যেই নিহিত রয়েছে তার স্বাধীনতা। সার্ত্রের ভাষায় মনুষ্য চেতনা হ'ল "not what it is and is what it is not"[১] সে যা শুধু সেটুকু নিয়েই সে সন্তুষ্ট থাকতে পারে না — সে যা নয় সেই 'না-আমি'র দিকে তার অনন্ত পথ চলা আর তাই তো তার সত্তার গভীরেই লুকিয়ে রয়েছে স্বাধীনতার বীজ। অস্তিবাদী দার্শনিকরা বলেন মানুষের অস্তিত্বের সাথে জড়িয়ে রয়েছে এক 'নাস্তিত্ব'(nothingness)। তার চেতনার মধ্যে সদাজাগ্রত এই নাস্তিত্ববোধের কারণেই সে প্রশ্ন তোলে তার সামগ্রিক অস্তিত্ব, তার বর্তমান অবস্থিতি ইত্যাদি সম্পর্কে।

কিন্তু প্রশ্ন হ'ল প্রতিটি মানুষই কি তার সত্তার এই অনন্ত সম্ভাবনা সম্পর্কে সচেতন থেকে তার সত্তাগত স্বাধীনতাকে অনুভব করে? প্রাত্যহিকতার তুচ্ছতায় সে কি বারেবারেই হারিয়ে ফেলে না তার অস্তিত্বের সত্যকে? সার্ত্রের গভীর দার্শনিক বিশ্লেষণে ধরা পড়েছে কিভাবে মানুষ কখনো কখনো বিচ্যুত হয় তার অস্তিত্বের সত্যতা থেকে, আবার সেই চ্যুতি বা আত্মবিস্মৃতি থেকে উঠে আসার জন্য শুরু করে তার সংগ্রাম। এ সংগ্রামে কেউ জয়ী হয়, কেউ হয় না — কিন্তু তার সত্তার গভীরে লুকিয়ে থাকা অনন্ত সম্ভাবনার কথা চির বিস্মৃত হয়ে থাকতে পারে না সে। মানুষ তার নির্বাচন ক্ষমতা ও সিদ্ধান্ত গ্রহণের মধ্যে দিয়ে প্রতি মুহূর্তে নিজের ভাগ্য নির্দ্ধারণ করে। সে প্রতি মুহূর্তে অনুভব করে কোন্ পথ সে অনুসরণ করবে সে ব্যাপারে সিদ্ধান্ত তার সম্পূর্ণ নিজের। তার সামনে অনেকগুলি বা দুটি মাত্র বিকল্প থাকতে পারে — সে কোন্ বিকল্পটিকে গ্রহণ করে এগোবে সে ব্যাপারে তাকে নিজেকেই সিদ্ধান্ত নিতে হয়। সমাজে প্রচলিত কোনো মত বা আদর্শ,

---

১। Being and Nothingness, J.P. Sartre: 11

কোনো ব্যক্তি মানুষ হয়তো তাকে পথ দেখাতে পারে, কিন্তু শেষ পর্য্যন্ত তাকেই তার নিজের পথ নির্বাচন করে নিতে হয়। একজন ব্যক্তি যখন কোনো একটা বিকল্প নির্বাচন করে তখন একটা বিশেষ মূল্য তাতে সে আরোপ করে নেয়। এ কথা সত্যি সমাজে প্রচলিত যে মূল্যবোধগুলি রয়েছে তা প্রতিমুহূর্তে ব্যক্তিকে প্রভাবিত করে — "Values ar sown on my path as thousands of little demands, like the signs which order us to keep off the grass"[১] — কিন্তু যখন সে তার নির্দ্দিষ্ট পথ নির্বাচন করে তখন সেই একমাত্র দায়ী থাকে তার নির্বাচনের জন্য এবং এভাবেই সে সৃষ্টি করে নেয় নিজস্ব মূল্যবোধের জগৎ। অস্তিবাদী দার্শনিকেরা মানুষের পারিপার্শ্বিক প্রভাব, তার জন্মগত ও পরিবেশগত সীমাবদ্ধতাকে (limitations) কখনোই অস্বীকার করেন না। এগুলিকে স্বীকার করে নিয়েই মানুষের পথ চলা। সার্ত্রের ভাষায় মানুষের জীবনের এই প্রদত্ত অবস্থাগুলি হ'ল 'facticity', অপর এক অস্তিবাদী দার্শনিক মার্টিন হাইডেগার এগুলিকে বলেছেন 'givenness'। মানুষের এই সীমাবদ্ধতার উদাহরণ দিতে গিয়ে সার্ত্র একজন বামনের (dwarf) কথা বলেছেন। সাধারণের তুলনায় তার ব্যতিক্রমী চেহারা, তার দৈহিক হ্রস্বতা ইত্যাদি হ'ল তার জন্মগত সীমাবদ্ধতা। প্রশ্ন হ'ল সে তার সীমাবদ্ধতার কারণে হীণমন্যতায় ভুগে তার এগিয়ে যাবার সম্ভাবনাকে নষ্ট করে ফেলবে, নাকি নিজের সীমাবদ্ধতাকে স্বীকার করে নিয়েই ব্যক্তি মানুষ হিসাবে তার যে সব সম্ভাবনা আছে তার বিকাশে আগ্রহী হবে? যদি সে প্রথম বিকল্পটিকে মেনে নেয় তাহলে মনুষ্যসত্তা থেকে তার চ্যুতি ঘটবে, আর সে যদি দ্বিতীয় বিকল্পটিকে গ্রহণ করে তাহলে স্পষ্টতঃই সে তার অস্তিত্বের সত্যে অবিচল থাকবে। এ প্রসঙ্গে মনে পড়ে শিল্পী বিনোদবিহারী মুখোপাধ্যায়ের কথা। জন্মগতভাবে ক্ষীণ দৃষ্টি শক্তি সম্পন্ন বিনোদবিহারীর অভিভাবকরা অতিমাত্রায় চিন্তিত ছিলেন তাঁর ভবিষ্যৎ নিয়ে। বিশেষতঃ তিনি যখন চিত্রকলাকেই তাঁর জীবনের পথ চলার পাথেয় রূপে বেছে নিতে চাইলেন তখন তাঁরা রীতিমতো উদ্বিগ্ন হয়ে পড়েছিলেন। বিনোদবিহারী তখন শান্তিনিকেতনের ছাত্র। তিনি কলাভবনে যখন যোগ দিলেন শিল্প গুরু আচার্য নন্দলাল পর্য্যন্ত তাঁর ভবিষ্যত নিয়ে উদ্বিগ্ন। যিনি তাঁর সামনে দশফুটের বেশি আর দেখেন না, তিনি কিভাবে অঙ্কনকে তাঁর জীবিকা করবেন? তখন স্বয়ং রবীন্দ্রনাথ আচার্য নন্দলালকে ডেকে বলেন: "ভবিষ্যৎ নিয়ে চিন্তা করো না। সকলকে নিজের নিজের পথ খুঁজে নিতে দাও।"[২] পরবর্তীকালে শিল্পী বিনোদবিহারী রবীন্দ্রনাথকে তাঁর দ্বিতীয় জন্মদাতা বলে উল্লেখ করেছিলেন। জন্মার্জিত সীমাবদ্ধতা সত্ত্বেও নিজের শিল্পীসত্তা বিকাশের অপরিসীম আর্তি পরবর্তীকালে একেবারে

১। Being and Nothingness, Page 38

২। ব্যক্তি বিনোদবিহারী (প্রবন্ধ) — ডঃ দেবাশিস ভট্টাচার্য, চিত্রচর্চা নামক কবিতা পাক্ষিকে প্রকাশিত।

অন্ধ হয়ে যাবার পরও তাঁর থেমে থাকে নি — বৈচিত্র্যময় নানা সৃষ্টির মধ্যে দিয়ে ক্রমবিকশিত হয়েছে তাঁর শিল্পীসত্তা। এরকম উদাহরণ আরও অনেক আছে। সীমাবদ্ধ অবস্থানকে অতিক্রম করে যাওয়াতেই মানুষের প্রকৃত পরিচয়।

সার্ত্র দেখিয়েছেন সম্ভাব্য বিকল্পগুলির মধ্যে থেকে কোনো একটিকে নির্বাচিত করে নেবার একক সিদ্ধান্তের যে দায়বদ্ধতা (responsibility) তা মানুষকে ঠেলে দেয় এক বিশেষ মানসিক অবস্থার দিকে। সার্ত্র এর নাম দিয়েছেন 'anguish' — এক ভয়মিশ্রিত উদ্বেগ। এর মধ্যে দিয়েই মানুষ তার সত্তার নাস্তিত্বকে, তার সত্তার চির অনিশ্চয়তাকে উপলব্ধি করে। সার্ত্র 'anguish' বা ভয়মিশ্রিত উদ্বেগ আর 'ভয়' (fear) — এই দুটি মানসিক অবস্থার মধ্যে যে সূক্ষ্ম পার্থক্য তাকে তাঁর বিশ্লেষণী লেখনীতে তুলে ধরেছেন — "....... anguish is distinguished from fear in that fear is fear of beings in the world whereas anguish is anguish before myself. ...... A situation provokes fear if there is a possibility of my life being changed from without; my being provokes anguish to the extent I distrust myself and my reaction in that situation"[১] — অর্থাৎ ভয়ের উৎস রয়েছে বাইরের জগতে — একটা পরিস্থিতি তখনই আমার মনে ভয়ের সঞ্চার করে যখন আমি বাইরে থেকে কোনো একটা বিপদের আশঙ্কা করি; কিন্তু যখন আমি নিজেই জানি না একটা বিশেষ পরিস্থিতিতে কোনো এক মুহূর্তে আমার প্রতিক্রিয়া কি হতে পারে, যখন আমি আমার সত্তার অনিশ্চয়তার মুখোমুখি হই তখন আমার মধ্যে যে মানসিক অবস্থার সৃষ্টি হয় তাই হল 'anguish'। সার্ত্র মনে করেন 'ভয়' সর্বদাই একটা বিশেষ কিছুকে কেন্দ্র করে তৈরী হয়, কিন্তু 'anguish' এরকম কোনো বিশেষ কিছুর প্রতি অভিসারী নয়, মানুষের সারাজীবন ধরেই এর পরিব্যাপ্তি। নিজের অনিশ্চিত ভবিষ্যতের দিকে তাকিয়ে মানুষ সারাজীবনই এই 'anguish' অনুভব করে। সে জানে না তার জন্য ভবিষ্যতে কি সঞ্চিত আছে, আর এটাও জানে না কিভাবে সে তার মোকাবিলা করবে। সার্ত্র বলেছেন শুধুমাত্র যে অনিশ্চিত ভবিষ্যতের দিকে তাকিয়েই তার এ জাতীয় মানসিক অনুভূতি হয় তাই নয়, অতীতের কোনো একটা ঘটনাকে কেন্দ্র করেও তার এ ধরণের ভয়মিশ্রিত উদ্বেগ হতে পারে। সার্ত্র একজন জুয়ারীর উদাহরণ দিয়েছেন যে প্রতিজ্ঞা করেছিল যে সে কখনো আর জুয়া খেলবে না এবং প্রকৃতপক্ষেই সে জুয়া খেলা একদম ছেড়ে দিয়েছিল। কিন্তু সে অত্যন্ত সতর্কতার সঙ্গে এড়িয়ে যায় সমস্তরকম জুয়াখেলার জায়গাগুলোকে পাছে সে তার প্রতিজ্ঞা ভেঙ্গে ফেলে। এক্ষেত্রে জুয়ারীর 'anguish' হ'ল তার অতীত অভিজ্ঞতার প্রেক্ষায় অনুভূত এক অস্বস্তিকর অবস্থা। এই অবস্থার মুখোমুখি হয়েই মানুষ বুঝতে পারে সে এ জগতে একদম একা —

১। Being and Nothingness, Page 29

কেউ নেই তার দায়বদ্ধতা ভাগ করে নেবার জন্য বা তার ভার হাল্কা করার জন্য।

এখানে খুব সঙ্গতভাবেই উঠে আসে একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন। মানুষ কি তার সত্তার এই সীমাহীন অনিশ্চয়তা আর তার সাথে যুক্ত দায়বদ্ধতাকে মেনে নিয়ে যাবতীয় যন্ত্রনা ও উদ্বেগকে স্বীকার করে নিতে সর্বদা প্রস্তুত থাকে? সার্ত্র বলেছেন বেশিরভাগ ক্ষেত্রেই মানুষ এই অবস্থার মুখোমুখি হতে চায় না। সে চেষ্টা করে যাবতীয় দায়বদ্ধতা ও তার সাথে যুক্ত অনিবার্য উদ্বেগকে এড়িয়ে যেতে। ফলে সে তার ব্যক্তিগত মত ইত্যাদিকে ডুবিয়ে দেয় জনমতের স্রোতে। তার নিজস্ব চিন্তাভাবনা জীবনবোধ সবকিছুকে বিসর্জন দিয়ে সে আঁকড়ে ধরে এমন একটা জীবন যা অন্যরা তার জন্য নির্দ্ধারণ করে দিয়েছে আর এতেই নিশ্চিন্ত থাকতে চায় সে। অস্তিবাদী দার্শনিকদের মতে এ অবস্থা হ'ল মানুষের প্রকৃত সত্য থেকে বিচ্যুতি। এই অবস্থার বর্ণনা করতে গিয়ে হাইডেগার তাঁর Being and Time গ্রন্থে বলেছেন : "We enjoy and amuse ourselves as one enjoys, we read, see and judge literature and art as one sees and judges"[১]— এইভাবে মানুষ হারিয়ে ফেলে তার নিজস্ব বিচারক্ষমতা, তার স্বাতন্ত্র্য, তার ব্যক্তিস্বাধীনতা। সার্ত্র তাঁর জনপ্রিয় নাটক Le Mouches (The Flies)[২]- এ এই ধরণের মানুষের চিত্র তুলে ধরেছেন। তিনি Argos - নামে এক গ্রীক নগরের বাসিন্দাদের কথা বলেছেন। এই মানুষগুলির সাহস ছিল না সত্যের মুখোমুখি হবার, রাজা অগাষ্টাসের চাপিয়ে দেওয়া এক অদ্ভুত অপরাধবোধের শিকার হয়ে তারা যন্ত্রের মত দিনাতিপাত করে যাচ্ছিল। অগাষ্টাস Argos -এর পূর্বতন রাজা অ্যাগামেনন কে হত্যা করেছিলেন আর সেই হত্যাকে তিনি একটি জাতীয় পাপরূপে চিহ্নিত করে সকলকে বাধ্য করেছিলেন সেই পাপের অংশীদার হ'তে — এইভাবে নিজের হত্যার দায় তিনি চাপিয়ে দিয়েছিলেন অন্যদের উপর এবং তারাও সেটা মেনে নিয়ে এক চরম পাপবোধে আচ্ছন্ন হয়ে দিন কাটাচ্ছিল। সেই অবস্থা থেকে বেরিয়ে যাবার কারুর কোনো সাহস ছিল না। এদের ঠিক বিপরীতে রয়েছে এই নাটকের নায়ক ওরেস্টেস — সে সাহস দেখিয়েছে প্রতিবাদ জানানোর। নিজের কাঁধে দায়িত্ব তুলে নিয়ে সে নিজকে প্রতিস্থাপিত করেছে ঐ সব না- মানুষী অস্তিত্বের বিপরীত বিন্দুতে।

নিজের সত্য থেকে সরে আসা মানুষের এই অবস্থাকে সার্ত্র 'মন্দ বিশ্বাস' (Bad faith) বলে বর্ণনা করেছেন — এই অবস্থায় মানুষ নিজের সাথে মিথ্যাচার করে, আসল সত্য কি তা জেনেও নিজেকে মিথ্যা দিয়ে ভুলিয়ে রাখে। সার্ত্র বলেছেন অন্যের সাথে যখন আমরা মিথ্যাচারিতা করি তখন যে ব্যক্তিকে মিথ্যা কথা বলা হয় সে যেহেতু

---

[১] Being and Time, Martin Heidgger, Page 126-127

[২] The Flies (Eng-Trans), J.P.Sartre, Hamish Hamilton, 1946.

আসল সত্যটা কি তা জানে না ফলে তাকে মিথ্যা কথায় ভুলোনো সহজ হয়। কিন্তু মানুষ যখন নিজের সাথে মিথ্যাচারিতা করে তখন সে ভালভাবেই জানে যে সত্যটা কি। তবুও সত্যের মুখোমুখি হবার সাহস না থাকার ফলে সে মিথ্যাটাকেই সত্য বলে আঁকড়ে ধরে। এ এক অদ্ভুত প্রক্রিয়া। সার্ত্র এই মন্দ বিশ্বাসের উদাহরণ দিতে গিয়ে Being and Nothingness -এ একজন তরুণীর কথা বলেছেন। তরুণীটি তার এক তরুণ বন্ধুর আমন্ত্রণে তার সাথে একটি রেস্তোঁরায় গেছে। তরুণীটি জানে যে তরুণটি তার প্রেমে পড়েছে; শুধ তাই নয় সেদিনই তরুণটি তাকে বিয়ের প্রস্তাব দেবে। তরুণীটি এই বিষয়ে সিদ্ধান্ত নিতে এখনই প্রস্তুত নয়, কিন্তু সে সতি্য কথাটা তার বন্ধুকে জানাতেও পারছে না। এই অবস্থায় তরুণীটি এমন ভান করছে যেন সে তরুণটির মানসিক অবস্থা সম্পর্কে একেবারেই অজ্ঞ — সে শুধু শিল্প সাহিত্য ইত্যাদি বিষয়ে আলোচনার জন্যই তরুণটির আমন্ত্রণে সাড়া দিয়ে রেস্তোঁরায় এসেছে। নিজের ব্যক্তিগত বিষয় ছাড়া যাবতীয় বিষয় নিয়ে আলোচনায় সে তরুণটিকে ব্যস্ত রাখতে চাইছে। তরুণটি কিন্তু সেদিন ঐসব আলোচনায় কোনো আগ্রহ অনুভব করছে না — ধীরে ধীরে সে তার হাতে তুলে নিল মেয়েটির নরম হাতখানি। মেয়েটির কিন্তু তাতে কোনো ভাবান্তর নেই। সে এমন ভান করছে যে তার হাতটা যেন নিছক একটা প্রাণহীন বস্তু — তার হাতটা নিজের দুটি হাতের মধ্যে তুলে নিয়ে তরুণটি যে কথা ব্যক্ত করতে চাইছে তার যেন কোনো অর্থ তার কাছে নেই এমনই তার মনোভাব। সার্ত্র বলছেন এক্ষেত্রে মেয়েটি যে অবস্থায় রয়েছে তা হল 'মন্দ বিশ্বাস'। যে সত্যটা সে ভালভাবেই জানে তাকেই সে নিজের কাছ থেকে লুকোতে চাইছে, যেহেতু সে এই মুহূর্তে কোনো সিদ্ধান্তের দায় নিতে প্রস্তুত নয়। নিজের সাথে নিজের এই মিথ্যাচারিতা সম্ভব হয় যে প্রক্রিয়ায় সার্ত্রীয় পরিভাষায় সেটি হ'ল 'mechanism of transcendence - facticity'। 'Facticity' বলতে সার্ত্র বুঝিয়েছেন ব্যক্তির বাস্তব অবস্থানকে আর 'transcendence' হ'ল সেই অবস্থা যা সম্ভাবনারূপে রয়েছে। সার্ত্র বলতে চেয়েছেন মন্দ বিশ্বাসের ক্ষেত্রে মানুষ সচেতনভাবে তার বাস্তব অবস্থানকে সম্ভাবনারূপে দেখে আর সম্ভাবনাকে দেখে বাস্তব অবস্থারূপে। উপরোক্ত উদাহরণে তরুণীটি জানে যে তার তরুণ বন্ধুটি তার সুন্দর চেহারায় মুগ্ধ, তার বৌদ্ধিক গুণ বা ক্ষমতা সম্পর্কে এই মুহূর্তে সে আগ্রহী নয় — সে চায় তরুণীটিকে বিয়ের প্রস্তাব দিতে। কিন্তু এই সত্যটি জেনেও মেয়েটি নিজেকে প্রবোধ দিচ্ছে এই ভেবে যে তরুণটি তার বুদ্ধিদীপ্ত আলোচনার আকর্ষণেই এসেছে — অন্য কোনো কারণে নয়। এক্ষেত্রে বিয়ের প্রস্তাব দেবার ব্যাপারটি হ'ল 'facticity' যাকে মেয়েটি 'সম্ভাবনা' বা 'transcendence' বলে বিশ্বাস করতে চাইছে আর যা সম্ভাবনা (অর্থাৎ আলোচনা ইত্যাদি) তাকেই বাস্তব অবস্থা বলে স্বীকৃতি দিতে চাইছে।

এ প্রসঙ্গে সার্ত্র নিষ্ঠা বা 'sincerity' -র উল্লেখ করেছেন। আমরা সাধারণত নিষ্ঠাকে মন্দ বিশ্বাসের বিপরীতে রাখি। কিন্তু সার্ত্র বলছেন একজন ব্যক্তিকে যখন আমরা কোনো ব্যাপারে একনিষ্ঠ বলি তখন আসলে আমরা সমাজের দেওয়া একটা ভূমিকা সে কতখানি নিষ্ঠার সঙ্গে পালন করছে তারই বিচার করি। একজন শিক্ষককে নিষ্ঠাবান শিক্ষকরূপে চিহ্নিত করার সময় আমরা বিচার করে দেখি সমাজে শিক্ষকের যে আদর্শ নির্দিষ্ট করা আছে তার নিরীখে তিনি কতখানি যোগ্য। অর্থাৎ প্রতিটি ক্ষেত্রেই বিশেষ বিশেষ আদর্শের মাপকাঠিতে আমরা একনিষ্ঠতার বিচার করি। সমাজের দেওয়া বিশেষ একটা ভূমিকা একনিষ্ঠভাবে পালন করার এই প্রচেষ্টাও সার্ত্রের মতে একধরণের 'মন্দ বিশ্বাস' কারণ এক্ষেত্রেও মানুষ একটা বিশেষ অবস্থার সাথে এক হয়ে যায় — এই ভূমিকা পালন করতে গিয়ে বাধাপ্রাপ্ত হয় তার অনন্ত সম্ভাবনা। সার্ত্রের এই ব্যাখ্যা আপাতদৃষ্টিতে খুব অদ্ভুত মনে হয়। কিন্তু ভাল করে বিশ্লেষণ করলে এর ব্যঞ্জনা আমাদের কাছে পরিস্ফুট হয়। অনেক সময়ই আমরা যখন কোনো একটি বিশেষ ভূমিকায় নিজের একনিষ্ঠতা দাবী করি তখন নিজের সত্তার হয়ে ওঠার ব্যাপারটাকে আমরা অগ্রাহ্য করি। একটা ভূমিকায় আমি একনিষ্ঠ এই আত্মতৃপ্তিবোধ আমাদের এমনভাবে আচ্ছন্ন করে রাখে যে আমরা প্রশ্ন তুলতে ভুলে যাই আমি যা করছি তা আমার নিজের সত্তার তাগিদ থেকে করছি, না অন্যের অথবা সমাজের চাপিয়ে দেওয়া ভূমিকা পালনের কর্তব্যহেতু যান্ত্রিকভাবে করে চলেছি? অর্থাৎ একনিষ্ঠতার আড়ালে অনেক সময় আমরা আত্মপ্রবঞ্চনাকে প্রশ্রয় দিই। ফলে সত্তার বিকাশের যে অনন্ত সম্ভাবনা ব্যক্তির মধ্যে রয়েছে তা ব্যাহত হয়। সমাজ স্বীকৃত একনিষ্ঠতার তক্‌মা সার্ত্রের কাছে কখনো সমাদৃত হয় নি। যে ব্যক্তি একনিষ্ঠভাবে তাঁর ভূমিকা পালন করেন আর সেই ভূমিকা পালনের প্রেরণা উঠে আসে তাঁর নিজস্ব সত্তার গভীর থেকে, প্রতিনিয়ত সেই ভূমিকা পালনের মধ্যে দিয়ে যদি তিনি তাঁর অস্তিত্বের যথার্থ সত্যকে উপলব্ধি করতে পারেন তাহলেই একমাত্র তাঁর নিষ্ঠা যথার্থ নিষ্ঠার মর্যাদা পেতে পারে। সেক্ষেত্রে তিনি কখনো থেমে যাবেন না, ফুরিয়ে যাবে না তাঁর অনন্ত পথ চলা। অন্যের চোখে নিজেকে বড় করে তোলার ইচ্ছায় নয়, অন্য কেউ চাইছে বলে নয়, নিজের সত্তায় প্রতি মুহূর্তে ফুটে ওঠার আর্তি থেকেই যখন কেউ একনিষ্ঠ হয় তার নিজস্ব ভূমিকায় তখনই প্রকৃত অর্থে তার অস্তিত্ব তাৎপর্যময় হয়ে ওঠে অস্তিবাদী সার্ত্র এই সত্যকেই তুলে ধরতে চেয়েছেন। এ বড় কঠিন — কিন্তু এটাই সত্য।

এখন প্রশ্ন হ'ল নিজের সত্তায় বিকশিত হবার এই যে নিরন্তর সাধনা সেখানে কি মানুষ সম্পূর্ণ একা? তার এগিয়ে চলার সংগ্রাম কি বিচ্ছিন্ন (alienated) কোনো কিছু? মানুষের দায়বদ্ধতা কি শুধুমাত্র তার নিজের প্রতি? অন্যের প্রতি কি তার কোনো দায়িত্ব

নেই? অনেকের ধারণা অস্তিবাদী দর্শন শুধু ব্যক্তির স্বাধীনতার কথাই বলে — ব্যক্তি তার পথ চলায় সম্পূর্ণ একা আর তার কোনো দায় নেই অন্যের কথা চিন্তা করার। কিন্তু অস্তিবাদী দার্শনিকরা কখনোই একথা বলেন না — তাঁরা বলেন ব্যক্তি অন্যের প্রতি দায়িত্বকে এড়িয়ে যেতে পারে না। একটা বিশেষ পরিস্থিতি বা অবস্থার প্রেক্ষায় ব্যক্তি তার নিজের পথ নির্বাচন করে নেয় — সেই পরিস্থিতির সাথে যুক্ত থাকে আরও অনেক ব্যক্তি মানুষ। সুতরাং নিজের পথ নির্বাচন করতে গিয়ে তার সাথে যুক্ত অন্যান্য মানুষদের সে অগ্রাহ্য করতে পারে না। নিজের প্রতি তার যে দায়বদ্ধতা তার সাথে জড়িয়ে থাকে অন্যের প্রতি দায়বদ্ধতাও। তাঁর বিখ্যাত প্রবন্ধ (পরে পুস্তাকাকারে প্রকাশিত) Existentialism and Humanism - এ সার্ত্র বলেছেন "When we say that man chooses for himself we do mean that everyone of us must choose himself; but by that we also mean that in choosing for himself he chooses for all men"[১]— এর দ্বারা সার্ত্র কি বোঝাতে চেয়েছন? একটা উদাহরণ দিলে বিষয়টা স্পষ্ট হয়ে যায়। ধরা যাক এক ব্যক্তি একটা আদর্শে অনুপ্রাণিত হয়ে একটা বিশেষ রাজনৈতিক দলে যোগ দিল। তার এই নির্বাচন অবশ্যই একান্তভাবে তার ব্যক্তিগত নির্বাচন, কিন্তু এর মধ্যে দিয়ে অন্য এক অর্থে সে অন্যদের জন্যও নির্বাচন করল কারণ এর মধ্যে দিয়ে সে একটা আদর্শ স্থাপন করলো সকলের সামনে যে আদর্শ হয়তো ভবিষ্যতে অন্য কিছু মানুষও অনুসরণ করবে অবশ্যই তাদের নিজস্ব সত্তার তাগিদ থেকেই। প্রত্যেক ব্যক্তিরই স্বাধীনতা রয়েছে তার নিজস্ব পথ নির্বাচন করে নেবার, কিন্তু তার অর্থ এই নয় যে সে তার যা ইচ্ছা তাই করতে পারে। সার্ত্র তাঁর প্রবন্ধে বলেছেন — "...... One ought to ask oneself what would happen if everyone did as one is doing, nor can one escape from the disturbing thought except by a kind of self-deception"[২]— অর্থাৎ যখনই কোনো মানুষ নিজের পথ নির্বাচন করবে তখনই তাকে চিন্তা করতে হবে তার এই নির্বাচনের দ্বারা সে সমাজের অন্যদের কোনো অসুবিধা সৃষ্টি করছে কি না, অথবা সমাজের অন্য কোনো মানুষ যদি তাকে অনুসরণ করে তাহলে সমাজে কোনো বিশৃঙ্খলার সৃষ্টি হবে কি না। এই দায়িত্ব তার অন্যতম নৈতিক দায়িত্ব। এই বিবেচনা বোধই তাকে রক্ষা করে যে কোনো ধরণের স্বেচ্ছাচারিতা থেকে। এখানে কিন্তু সার্ত্র কোনো সার্বিক নৈতিক মানদণ্ডের কথা বলেন নি — যে নৈতিক মানদন্ডের দ্বারা সকলের কাজের মূল্য বিচার করা হবে। প্রতিটি ব্যক্তিকে তার নিজস্ব মূল্যবোধ তৈরী করে নিতে হবে কারণ প্রতিটি ব্যক্তির জীবনের পরিস্থিতি ভিন্ন। নিজের বিশেষ অবস্থান অনুযায়ী প্রতিটি

১। Existentialism and Humanism, Page 29

২। Ibid. - Page 30-31

মানুষকেই নির্বাচন করে নিতে হবে তার জীবনের পথ। স্বাভাবিক ভাবেই জিজ্ঞাসা জাগে এই অবস্থায় কোন্‌টা ঠিক কোন্‌টা বেঠিক কে নির্দ্ধারণ করবে, কিভাবেই বা তা নির্দ্ধারিত হবে? অস্তিবাদী দার্শনিক বলেন কোনো কাজ ঠিক না ভুল তা নির্দ্ধারণ করার মাপকাঠি একটাই — সেটা হ'ল কাজটা স্বাধীনভাবে করা হয়েছে কি না তি বিচার করে দেখা। এই স্বাধীনতা কিন্তু দায়িত্বহীন স্বাধীনতা নয়। কারণ স্বাধীনভাবে নিজের জন্য কোনো কিছু নির্বাচন করতে গিয়ে ব্যক্তিকে অনুভব করতে হয় যে সে শুধু নিজের স্বাধীনতার কথাই চিন্তা করতে পারে না। তার স্বাধীনতা নির্ভর করে অন্যের স্বাধীনতার উপর, ঠিক যেমনভাবে অন্যের স্বাধীনতা নির্ভর করে তার স্বাধীনতার উপর। আমি যদি অন্যের স্বাধীনতা খর্ব করে নিজের স্বাধীনতা ভোগ করতে চাই, তাহলে অন্যেও সুযোগ পেলেই তার স্বাধীনতা ভোগ করার জন্য আমার স্বাধীনতাকে খর্ব করতে চাইবে — ফলে কেউই আমরা প্রকৃত অর্থে স্বাধীন হতে পারবো না। সার্ত্রের ভাষায় বলতে হয় "...... I am obliged to will the liberty of others at the same time as mine. I cannot make liberty my aim unless I make others equally my aim"[১]— মনে পড়ে যায় 'রক্ত করবী'[২] র রাজার কথা। তাঁর ভয়ঙ্কর রাজ্যে কারুর কোনো স্বাধীনতা নেই, নেই কোনো স্বতন্ত্র ব্যক্তি সত্তা — তাদের পরিচয় শুধু সংখ্যায়। সকলকে এক যান্ত্রিক ভয়াবহ কঠোর নিয়মের নিগড়ে যিনি বেঁধেছেন সেই পরম শক্তিমান রাজা নিজেও কিন্তু বন্দী। তাঁর সদাই ভয় এই বুঝি তাঁর অসীম শক্তি কেউ কেড়ে নেয়। তাই নিজেকে সকলের থেকে সরিয়ে রাখেন এক রহস্যময় শক্তির আড়ালে — নিজের চারপাশে তৈরী করেন এক ভয়ের আবহ। নন্দিনী যখন উচ্ছল আনন্দের জোয়ারে ভেসে রাজাকে রঞ্জনের খবর দেয়, তাঁকে আহ্বান জানায় তাঁর নিজের তৈরী কারাগার থেকে বেরিয়ে এসে মুক্ত আনন্দের সামিল হ'তে তখন রাজা ভয় পান। শক্তির আড়ালে ঢেকে রাখা তাঁর অপরিসীম দুর্বলতা নন্দিনীর আহ্বানে সন্ত্রস্ত হয়ে ওঠে — তাঁর বুকের পাঁজরে কাঁপন ধরিয়ে দেয়। আমাদের চারপাশের অতি পরিচিত জগতের দিকে তাকিয়েও কি আমাদের এ কথাই মনে হয় না? মানুষ যেখানে নিজের স্বাধীনতার নামে অন্যের স্বাধীনতাকে খর্ব করে সেখানে সে তার নিজের স্বাধীনতাকেও কি হারিয়ে ফেলে না?

অস্তিবাদী দর্শনে মানুষের স্বাধীন অস্তিত্বের আলোচনার প্রেক্ষায় যে নৈতিকতার কথা বলা হয় তা জীবনের অভিজ্ঞতা থেকে উঠে আসা এক নৈতিকতা। এই দর্শন আমাদের মনে করিয়ে দেয় একমাত্র মানুষেরই রয়েছে নিজেকে অতিক্রম করে যাবার ক্ষমতা — কোনো কিছুর নিগড়েই যথার্থ অর্থে বাঁধা যায় না তাকে। তার মধ্যে যে অনন্ত

---

[১] Existentialism and Humanism, Page 67

[২] 'রক্তকরবী' — রবীন্দ্রনাথ ঠাকুর।

সম্ভাবনা লুকিয়ে রয়েছে তার কথা ভুলে যখন সে বদ্ধ হয়ে পড়ে কোনো ব্যক্তি, গোষ্ঠী বা কোনো মতাদর্শের আবর্তে তখনই সে পথভ্রষ্ট হয়। তার অন্তর্নিহিত স্বাধীনতাকে বিসর্জন দিয়ে সে যাপন করে এক না-মানুষী অস্তিত্ব। আজকের সমাজে ক্ষতবিক্ষত ভাঙ্গ চোরা মানুষগুলোর দিকে তাকিয়ে এই কথাই কি মনে হয় না আমাদের? এরই মধ্যে যখন কোনো মানুষ নিজের ভিতরকার সত্যকে খুঁজে নেবার জন্য প্রাণপণ চেষ্টা করে, চারদিকের অচলায়তন তাকে জোর করে বেঁধে রাখতে চায়, তাকে ছোট করতে চায়। কিন্তু সব সময় এ চেষ্টা সফল হয় না। যিনি আপন সত্তার যথার্থ পরিচয় একবার পেয়েছেন তাঁকে দমিয়ে রাখা সহজ নয়। শুধু তাই নয়, তাঁর জীবনচর্যার মধ্যে দিয়ে তিনি স্থাপন করেন এক আদর্শ — তাঁর কাছ থেকে পাওয়া যায় নিজেকে অতিক্রম করে এগিয়ে যাবার এক আশ্চর্য মন্ত্র। অস্তিবাদী দার্শনিক বলেন প্রত্যেককে নিজের মতো করেই নিজের পথ খুঁজে নিতে হয় — এখানে কোনো পথপ্রদর্শক নেই। এ পথের পথিক তাই সম্পূর্ণ একলা — তবুও গভীরতর অর্থে বোধহয় তিনি একলা নন। কারণ নিজেকে প্রতি মুহূর্তে ঋদ্ধ করে তুলতে গিয়ে তিনি আরও অনেককে জাগিয়ে দিয়ে যান, সুর ছড়িয়ে দেন তাদের প্রাণের গভীরে।

গ্রন্থপঞ্জী ঃ—

১। Being and Nothingness : J. P. Sartre

২। Psychology of Imagination : "

৩। Existentialism And Humanism : "

৪। Sartre by Himself : "

৫। the Roads to Freedom : "

৬। The Flies : "

৭। Humanistic Existentialism : Barnes, Hazel E.

৮। A Commemtary to Being and Nothingess : Catalono

৯। The Existentialist Ethic : Green Norman, N.

১০। Existnetialism A Theory of Man : Harper Ralph

১১। Man's Search For Himself : May, Rollo

১২। Human Being : The World of Jean Paul Sartre : Mc. Mahon, Joseph H.

১৩। From Rationalism to Existentialism : Solomon, R.C.

১৪। Philosophy of Existence : Wahl, John.

১৫। Existence and the World of Freedom : Wild John.

Section III

Literature

বাংলা লৌকিক ছড়ায় পশু-পাখী

অধ্যাপিকা চন্দনা সামন্ত
(বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ)

বাংলা লোকসহিত্যের একটি বিশেষ সম্পদ ছড়া। ছড়া একটি মৌখিক সংযোগ প্রক্রিয়া (Verbal Folk Communication)। যার মধ্যে দিয়ে চিরন্তন শিশু মন অপার আনন্দ খুঁজে পায়। সাধারণত শিশুর জন্যই ছড়া রচিত হয়। কিন্তু পরিণত মনের মানুষও ছড়া থেকে রসগ্রহণে বঞ্চিত হয় না। ছড়া একই সঙ্গে পুরাতন এবং নবীন। ছড়া কোন সময়ে রচিত হয়েছে এবং ছড়ার রচয়িতা কেউ ছিল কিনা এই প্রশ্ন কারো মনে আসে না। তাই বহুপূর্বে রচিত ছড়ায় যেমন নবীনতা আছে, ঠিক তেমনি বর্তমানে রচিত ছড়াতে পুরাতনের গন্ধ পাওয়া যায়। শিশু যেমন প্রকৃতির সৃজন ঠিক তেমনি ছড়াগুলিও মানবমনের সহজাত সৃষ্টি।

ছড়া যেহেতু মুখে মুখে রচিত হয় তাই লিখিত সাহিত্য হিসাবে তা সংকলিত ছিল না। রবীন্দ্রনাথই সর্বপ্রথম ছড়া সংগ্রহ করে সাধারণ মানুষের কাছে উপস্থিত করেন। অবশ্য ১৮৩২ খ্রীঃ রেভাঃ উইলিয়ম মর্টন এবং ১৮৭২ খ্রীঃ রেভাঃ জেম্স্ লঙ্ যে বাংলা প্রবাদ-সংগ্রহ প্রকাশ করেছিলেন তার মধ্যে কিছু কিছু ছড়াও সংগৃহীত হয়েছে। কিন্তু বংলা ছড়া ও বাংলা প্রবাদে যে সূক্ষ্ম পার্থক্যবোধ তা ইংরাজ সংগ্রাহকদের ছিল না। তাই সেই ছড়া গুলিকে প্রবাদের অন্তর্ভূক্ত করা হয়েছিল। বাংলা ছড়া সংগ্রাহক হিসাবে সর্বপ্রথম রবীন্দ্রনাথ ঠাকুরের নামই উল্লেখ্য। ছড়ার মধ্যে যে সহজ স্বাভাবিক কাব্যরস ছিল তাই রবীন্দ্রনাথকে আকৃষ্ট করেছিল। যে বয়সে শিশু রূপকথার গল্প, ছড়া শুনে আনন্দ পায়; পাড়ি দেয় সাত সমুদ্র তেরো নদীর পার, সে বয়সে শিশু রবীন্দ্রনাথকে 'দাস রাজত্বে'র মধ্যে বন্দী জীবন কাটাতে হয়েছে। যে প্রকৃতি থেকে শিশুর পাঠ শুরু হয়, সেই প্রকৃতিকে তিনি 'আড়াল-আবডাল' থেকে দেখেছেন। তাই শৈশবের অতৃপ্ত শিশুমন বারে বারে ছুটে গেছে পল্লী-প্রকৃতির কাছে। আর পরিণত বয়সে তিনি পল্লীসাহিত্য তথা লোকসাহিত্যের প্রতি আকৃষ্ট হয়েছেন। লোকসাহিত্যের মধ্যে খুঁজে পেয়েছেন বাঙালীর হৃদয়ের ভাষার সন্ধান। রবীন্দ্রনাথ 'ছেলে ভুলানো ছড়া'—য় বলেছেন "বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদী এল বান" এই ছড়াটি আমার শৈশবের মেঘদূত ছিল"। তিনি লোকসাহিত্যের মধ্যেই খুঁজে পেতে চেয়েছেন বাঙালীর অস্তিত্বকে।

বর্তমানে বাংলা লোকসাহিত্য নিয়ে নানা গবেষণা চলছে। যে ছড়া সংগ্রহের কাজ রবীন্দ্রনাথ শুরু করেছিলেন তার ক্ষেত্র অনেক সম্প্রসারিত হয়েছে। ভাষাতাত্ত্বিক,

সমাজতাত্ত্বিক, নৃতাত্ত্বিকের দৃষ্টিভঙ্গীতে লোকসাহিত্য সংগৃহীত হচ্ছে। বিশ্লেষিত হচ্ছে। ঠিক তেমনিভাবে লোকসাহিত্যের মধ্যে যে জৈব-বৈচিত্র্য লুকিয়ে আছে তা বলার অপেক্ষা রাখে না। যে ছড়াগুলির মধ্যে প্রকৃতির সৃষ্ট পশু-পাখীর কথা আছে, যা শিশু মনে আনন্দের দোলা লাগায়, সেগুলি যেমন আলোচনার মধ্যে আসবে, ঠিক তেমনিভাবে যেসমস্ত ছড়ায় পশু-পাখীর উল্লেখের মধ্যে দিয়ে জৈব বৈচিত্র্যের ছবি আছে তার অন্বেষণও এই আলোচনায় স্থান পাবে। ছড়ার মধ্যে দিয়ে শিশুর প্রথম পাঠ শুরু হয়। তাই ছড়ায় প্রকৃতি, পশু-পক্ষীর উল্লেখের মধ্যে দিয়ে শিশু মনে আনন্দের সঞ্চার ঘটে, অন্যদিকে প্রকৃতি পরিচয় ঘটে শিশুর অজান্তেই। আমাদের দেশে নানা রকমের পশু-পাখি আছে। তারা নানাভাবে ছড়ার মধ্যে স্থান পেয়েছে। তবে এই প্রসঙ্গে একথা বলতে হয় যে, আমাদের দৈনন্দিন জীবনে যে সমস্ত পশুপাখীর সঙ্গে আমরা পরিচিত তাদেরকে নিয়ে তেমন ছড়া রচিত হয় নি। সেই তুলনায় না দেখা পশু-পাখী নিয়েই ছড়া রচিত হয়েছে বেশী। তাতে একদিকে যেমন না দেখা পশুপাখীকে ঘিরে কল্পরাজ্যে বিচরণ করা সম্ভব হয়, অন্যদিকে এই সমস্ত পশু-পাখী-র সঙ্গে মানস পরিচিতি ঘটে যায় শিশুদের।

বাংলা ছড়ায় যে সমস্ত পশুদের নাম শোনা যায় তাদের মধ্যে শিয়াল বিশেষ স্থান অধিকার করে আছে। সাধারণ ধারণা অনুযায়ী শিয়াল ধূর্ত বুদ্ধিমান। ধূর্তরা সব সমাজেই বিশিষ্ট স্থান অধিকার করে। সে মানবসমাজই হোক বা পশু সমাজ হোক। লোককথায় শিয়ালের স্থান বিশেষভাবে উল্লেখযোগ্য। শিয়ালকে অবলম্বন করে যে সমস্ত ছড়া পাওয়া যায় তাতে বেশীর ভাগ ক্ষেত্রেই কাহিনীর ঢঙে একটি শিয়ালের কথা বলা হয়েছে।

যেমন - এক যে ছিল শিয়াল
তার বাপ দিচ্ছে দেয়াল।
তার বাপের নাম রতা
ফুরালো আমার কথা।

এখানে কাহিনী কিছুই নেই শুধু পিতৃপরিচয় দিয়ে ছড়াটি শেষ হয়েছে। এই ধরনের ছড়াগুলি 'এক যে ছিল রাজা'র কথা স্মরণ করিয়ে দেয়। একটি ছড়ায় শিয়ালের পাঠশালা করার কথা বলা হয়েছে। তবে এই ছড়াটিতে পাঠশালার ছাত্র ছিল আরশুলা। ছড়াটি হলো নিম্নরূপ ঃ

এক যে ছিল শিয়াল,
তার বাপ দিচ্ছে দেয়াল,
যে করেছিলো পাঠশালা
পড়তো সেথায় আরশুলা

একটি ছড়ায় শিয়ালের বিয়ের কথা বলা হয়েছে। একটি নয়, তিনটি কন্যের সঙ্গে শিয়ালের বিয়ে হচ্ছে। শিয়াল এখানে কুলীন, তাই বহুপত্নীতে দোষের কিছু নেই। এছাড়া শিয়ালের প্রিয় খাবার তারও উল্লেখ আছে ছড়ায়। শিয়ালকে নিয়ে একটি মজার ছড়া হলো —

আয় ঘুমনি আয়
শেয়ালে তেঁতুল খায়।
তারা নুন কোথায় পায়?
সাগরের বালি ঝুর ঝুরানি
নুন বলে খায়। — বরিশাল

ছড়াটিতে শিয়ালে তেঁতুল খাওয়ায় শিশুর বিষ্ময় নেই। শিশুর বিষ্ময় প্রকাশ পেয়েছে তেঁতুল খাওয়ার জন্য শিয়াল লবন কোথা থেকে সংগ্রহ করল? তার উত্তরও দেওয়া আছে ছড়ায়।

শিয়ালকে কেন্দ্র করে যেমন অজস্র ছড়া রচিত হয়েছে বাঘকে কেন্দ্র করেও অজস্র ছড়া রচিত হয়েছে। তবে শিয়াল নিরীহ জীব। তার সম্পর্কে ছড়ায় যে মনোভাব প্রকাশ পেয়েছে, বাঘ সম্পর্কে সেই মনোভাব নেই। বাঘ হিংস্র জীব। তার সম্পর্কে আতঙ্ক স্বাভাবিক। সেই ছবিই আছে ছড়াগুলিতে। গ্রামবাংলার মানুষেরা বাঘের অত্যাচারে সন্ত্রস্ত। সেই হিংস্রতার ছবি আছে ছড়ায়।

বাঘকে নিয়ে যে ছড়াগুলো রচিত হয়েছে সেগুলো মূলত বাংলাদেশ ও সুন্দরবন অঞ্চল থেকে পাওয়া গেছে। ময়মনসিংহ থেকে প্রাপ্ত একটি ছড়া হলো নিম্নরূপ ঃ

গোয়ালনীর মা বড় কাঁকাইল ভাঙা বুড়ী,
বাঘ মারিতে লইয়া যায় তুয়ার বান্ধনের লড়ী।
বাঘের পিঠে দিয়ে বাড়ি বলছে হায়রে হায়,
কাল্যা গাইয়ের ধলা বাছুর বাঘে লইয়া যায়।

নিরীহ গোজাতিই এখানে বাঘের অক্রমণের লক্ষ্যস্থল। ঘুমপাড়ানি ছড়াতেও বাঘের উল্লেখ আছে।

খোকা ঘুমো ঘুমো
তাল গাছেতে বাঘ ডাকছে দারুন হুমো। — রবীন্দ্রনাথ সংগ্রহ

শিয়াল ও বাঘকে অবলম্বন করে যত ছড়া রচিত হয়েছে অন্যান্য পশুদের ক্ষেত্রে তা হয় নি। তবুও পশুজগতের বিচিত্র পশুর উল্লেখ ছড়াগুলিতে দুর্লক্ষ্য নয়। আগেই উল্লেখ করেছি যে আমাদের দৈনন্দিন জীবনের অতিপরিচিত পশুদের নিয়ে খুব বেশী ছড়া

রচিত হয় নি। আমরা যাকে 'বাঘের মাসি' বলি, যে জীবটি বাড়ীর আনাচে -কানাচে ঘুরে বেড়ায় সেই বিড়ালকে নিয়ে অতিপ্রচলিত ছড়াটি হলো নিম্নরূপ ঃ

খোকন যাবে শ্বশুরবাড়ী সঙ্গে যাবে কে
ঘরে আছে হুলো বেড়াল কোমর বেঁধেছে।

আমাদের অতিপরিচত কুকুরের কথাও একটি ছড়াতে পাওয়া যায়। ছড়াটি হলো—

কুকুর বাজায় টুমটুমি
বানর বাজায় ঢোল,
টুনটুনিয়ে টুন টুনালো
ইন্দুর বাজায় খোল
সাপের মাথায় ব্যাঙ নাচুনি
চেয়ে দেখরে খোকন মনি।

এই ছড়াটির মধ্যে পশুদের বৈচিত্র্যময় ছবিটি ধরা পড়েছে। পাখী ও পশুরা মিলে যেন গান বাজনার আসর শুরু করেছে। হনুমানকে কেন্দ্র করে একটি অতি পরিচিত ছড়া হলো নিম্নরূপ ঃ

ও হনুমান কলা খাবি
জয় জগন্নাথ দেখতে যাবি?
একটি করে পয়সা পাবি?

এখানে হনুমানের প্রিয় খাবার যে কন্দলী বা কলা সেটা বোঝা গেল। কিন্তু জগন্নাথ দেখার উদ্দেশ্য বোঝা গেল না। আসলে শিশুর রাজ্যে সব কিছুই সম্ভব। সেখানে যুক্তি তর্ক-এর মূল্য নেই। তাই ছড়ায় দেখা যায় খোকা ও রথের সারথি ব্যাঙ আর ছাতা ধরছে পিঁপড়ে। ছড়াটি হলো —

খোকা যাবে রথে চড়ে, ব্যাঙ হবে সারথি
মাটির পুতুল লটর পটর, পিঁপড়ে ধরে ছাতি। ২৪ পরগনা

রবীন্দ্রনাথ সংগৃহীত দুটি ছড়ায় খোকার গরু ও মোষ চরানোর প্রসঙ্গ আছে। ছড়াগুলি শ্রীকৃষ্ণের বাল্যলীলার কথা স্মরণ করিয়ে দেয়। ছড়াগুলি হল নিম্নরূপ ঃ

১) খোকা যাবে মোষ চরাতে খেয়ে যাবে কী
আমার শিকের উপর গমের রুটি তবলা ভরা ঘি।।

২) আমার খোকা যাবে গাই চরাতে
গাইয়ের নাম হাসি
আমি সোনা দিয়ে বাঁধিয়ে দেব
মোহন চূড়া বাঁশি।

ছাগল এবং বলদ এই অতিপরিচিত জীবগুলিও ছড়া থেকে বাদ যায় নি। রবীন্দ্র সংগৃহীত একটি ছড়ায় এই দুটি জীবের প্রসঙ্গ এসেছে।

থেনা নাচন থেনা
বট পাকুড়ের ফেনা
বলদে খালো চিনা
ছাগলে খালো ধন।
সোনার যাদুর জন্য যারে
নাচনা কিনে আন।

খোকার প্রকৃতি পাঠের কাছে কোন কিছুই মূল্যহীন নয়।

কাঠবেড়ালী ক্ষুদ্র হলেও অদ্ভুত জীব। কাছে এসেও দূরে চলে যায়। তাই তার সম্পর্কে কৌতূহল হওয়া স্বাভাবিক। শিশুমন যে তাকে সম্বোধন করে বলে —

কাঠবিড়ালী কাঠবিড়ালী পিছন ফিরে চা
তোর বিয়েতে নাচতে যাবো বায়না দিয়ে যা।

ভোঁদড়কে নিয়েও ছড়া রচিত হয়েছে। বর্তমানে এই জীবটিকে প্রায় দেখতেই পাওয়া যায় না। ছড়ার মধ্যে দিয়েই শিশুরা একমাত্র এই জীবটিকে চিনতে পারবে।

আয়রে আয় টিয়ে
নায়ে ভরা দিয়ে।।
না নিয়ে গেল বোয়াল মাছে
তা দেখে দেখে ভোঁদড় নাচে।।
ওরে ভোঁদড় ফিরে চা
খোকার নাচন দেখে যা।। — রবীন্দ্রসংগ্রহ

এখানে ভোঁদড় আর শিশু যেন মিলে মিশে একাকার হয়ে গেছে। শিশুর উন্নত উদরটি দেখলে ভোঁদড়ের কথাই স্মরণ করিয়ে দেয়।

ভুঁড়শিয়ালী বলে একটি জীবের কথা আছে ছড়ায়। এই নামে কোন প্রাণীর কথা বাংলাদেশে

শোনা যায় না। ডঃ আশুতোষ ভট্টাচার্যের মতে 'ভোঁদড় এবং শিয়াল এই দুইটি শব্দ একত্র হইয়া ভুঁড়শিয়ালী হইয়া থাকিবে'। ছড়াটি হলো —

আকবাড়ীর পাশে
ভুঁড়শিয়ালী নাচে।
বাড়ীর বেগুন ডোবার মাছ।
তা খেয়ে খেয়ে ভোঁদড় নাচ।

এছাড়া খেঁকশিয়ালীকে নিয়েও ছড়া আছে। সম্ভবত এটি শিয়ালেরই একটি প্রজাতি। ছড়াটি নিম্নরূপ —

রোদ উঠেছে জল পড়ছে
খেঁকশিয়ালীর বিয়ে হচ্ছে।।

কিছু কিছু ক্ষেত্রে দেখা যায় একই ধরনের ছড়ায় পশুর নামগুলি পাল্টে দিয়ে ছড়াগুলি রচিত হয়েছে। যেমন বাঁদর-শিয়াল-ভালুক এই তিনটি পশুকে নিয়েই তেঁতুল খাওয়ার ছড়া রয়েছে। ছড়াগুলি হলো —

১) বাঁদরে তেঁতুল খায়।
তারা নুন কোথা পায়
তারা আলন মালন খেয়ে
বনকে পালায়।

২) আয় ঘুমনি আয়
ভালুকে তেঁতুল খায়
তারা নুন কোথা পায়।
শাওড়া গাছের নুন
কুসুম গাছের তেল
তারা তাই দিয়ে খায়।

৩) আয় ঘুমনি আয়
শিয়ালে তেঁতুল খায়
তারা নুন কোথায় পায়?
সাগরের বালি ঝুর ঝুরানি
নুন বলে খায়।

এই ছড়াগুলি থেকে একটা জিনিস সহজেই অণুমান করা যায় যে, শিশুদের প্রিয়

টকজাতীয় খাদ্য-এর জন্য নুন কতটা প্রয়োজনীয় সেটা শিশুরা ছাড়া আর কেউ এমনিভাবে অনুধাবন করতে পারে না।

ধূসর বর্ণের বিশালাকায় হাতী শিশুর কাছে খুব একটা আকর্ষনীয় বলে মনে হয় না। তাই হাতি নিয়ে খুব বেশী শিশুদের ছড়া পাওয়া যায় না। তবে ছড়াকাররা কোন পশুকেই তাদের ছড়ায় অপাঙক্তেয় রাখেন নি। হাতি সম্পর্কিত একটি ছড়া নিম্নরূপ ঃ

হাতি, হাতি, হাতি,
হাতি যায় বাদশার নাতি।
হাতি ধুপুর ধুপুর যায়,
হাতি মিটি মিটি চায়। — ২৪ পরগনা

এই ছড়াটিতে হাতি সম্পর্কে অনেক কথাই বলা হয়েছে যার মধ্যে দিয়ে হাতি সম্পর্কে শিশু খুব সহজেই একটা ধারনা করে নিতে পারে।

আমাদের পরিচিত ছাগল সম্পর্কে শিশুর খুব বেশী উৎসাহ নেই। যে জীবকে আমরা প্রাত্যহিক জীবনে দেখতে পাই না তাকে নিয়েই ছড়া রচিত হয়, যার সম্পর্কে সব কিছুই জানি, যারা নিত্য জীবনে প্রত্যক্ষ গোচর তাদের সম্পর্কে ছড়া রচিত হয় না। তবুও ছড়াকার প্রায় কোনো পশু পাখীকেই তাদের রচনা থেকে বাদ দেন নি। তাই রামছাগল, বন-ভালুক এমনকি আমাদের বাড়ীর স্থায়ী বাসিন্দা টিকটিকি কে নিয়েও ছড়া রচিত হয়েছে। ছড়াগুলি হলো নিম্নরূপ ঃ

১) ও পারের কুল গাছটি রামছাগলে খায়
তার তলা সে আমার খোকন বিয়ে করতে যায়।

২) আমার যাদু বীরের বেটা বন-ভালুকের দাও;
তাল-তলোয়ার লইয়া বাছা বাঘ মারিতে যাও।

৩) আসুদ গাছে টিকটিকিটি লঙ্কা গাছে ছাই;
সরে যাও না গো গুনের ভাসুর চাল ধুতে যাই।

পশু সংক্রান্ত ছড়াগুলি যেন পশুদের চিত্রশালা। ছড়াকাররা মনের আনন্দে ছড়া রচনা করেছেন। কিন্তু তাদের অজান্তেই জৈব-বৈচিত্র্যের অসীম ভান্ডার সংগ্রহ করে রেখেছেন ছড়ায়। পশু-পাখী গাছ-পালা, ফল-ফুল, নদী-জল, মাটি-সূর্য-চন্দ্র প্রভৃতি নিয়েই আমাদের পরিবেশ। আর এখানেই আছে আমাদের জীবনের শিকড়। সেই শিকড়ের সন্ধানে আমরা প্রকৃতির কাছে বারে বারে ফিরে যাই। ছোট্ট শিশুটিকে প্রকৃতি পাঠে তালিম দিয়েছে ছড়ার ছবি। পাখীর ডানায় করে শিশু পাড়ি দেয় কল্পরাজ্যে। পাখির সৌন্দর্য, তাদের

বাহারি রঙ, বিচিত্র কন্ঠস্বর, শিশুর মনোরাজ্যে সহজেই স্থান করে নেয়। তারই অন্বেষণ হবে পরবর্তী পর্যায়ে।

তথ্যসূত্র ঃ-

১) রবীন্দ্রনাথ ঠাকুর — লোকসাহিত্য, বিশ্বভারতী

২) আশুতোষ ভট্টাচার্য — বাংলার লোকসাহিত্য, প্রথম ও দ্বিতীয় খন্ড।

৩) নির্মলেন্দু ভৌমিক — বাঙলা ছড়ার ভূমিকা

৪) জ্ঞান ও বিজ্ঞান — চতুর্থ সংখ্যা (বঙ্গীয় বিজ্ঞান পরিষদ)

ব্রাত্যজনের সখা নজরুল

অধ্যাপিকা মমতাজ বেগম
(বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ)

'ব্রাত্য' বলতে বোঝায় বেদ যাঁদের অধিকার স্বীকার করেনি। অর্থাৎ সমাজে যারা অগণ্য-অন্ত্যজ-ম্লেচ্ছ-অস্পৃশ্য, যারা সর্বপ্রকার অন্যায়-অবিচার-লাঞ্ছনা-বঞ্চনার স্বীকার তারাই ব্রাত্য। কাজী নজরুল ইসলাম ছিলেন ব্রাত্যজনের প্রিয় সখা, প্রিয় বন্ধু। আমাদের সমাজের প্রধান সামাজিক ব্যাধিটির নাম স্থবিরতা। এই সংক্রামক ব্যাধির জন্য আমাদের মানসিকতায় একটি দুর্বোধ্য ও দুর্ভেদ্য রক্ষনশীলতা সতত সক্রিয়। দুর্ভাগ্যজনক হলেও এই নির্মম সত্যটি আমাদের সমাজে প্রতিভাত হয়ে আছে। বোধ ও বোধি যাঁদের সক্রিয় তাঁরা যুগে যুগে হাত ধরেছেন এই ব্রাত্য মানুষদের। কাজী নজরুল ইসলাম যাঁদের মধ্যে অন্যতম।

কাব্যপ্রত্যয়ে বিদ্রোহের হুঙ্কার আর সামরিক শৌর্যধ্বনির জন্য আলাদা ভাবে চিহ্নিত হলেও বিশ্বের সবহারানো মানহারা মানব-মানবীদের চোখে আশার আলো জ্বেলে দিলেন নজরুল, দ্বাররুদ্ধ আত্মবিশ্বাসকে দিলেন মুক্তির স্বাদ। ধর্ম-বর্ণ-সম্প্রদায়, জাত-পাতগত বিভাজনের সর্বাত্মকবোধে আক্রান্ত সাধারণ মানুষের চৈতন্যকে মানবতাবাদের মুক্ত চিন্তার সংস্পর্শে আসার সুযোগ করে দিলেন তাদেরই বন্ধু হয়ে। অবহেলিত অভীপ্সাকে মর্যাদার সাথে প্রতিষ্ঠা দিলেন তাঁর কবিতায় —

ক) যত পাপী তাপী সব মোর বোন, সব হয় মোর ভাই

খ) সকল কালের সকল দেশের সকল মানুষ আসি
এক মোহনায় দাঁড়াইয়া শোনো এক মিলনের বাঁশী

সবাইকে ক্ষমাসুন্দর চোখে দেখে মিলনের মন্ত্র শিখিয়েছেন। মানুষের স্বার্থের প্রয়োজনে গড়া বিভাজিত সমাজব্যবস্থার বিরুদ্ধে সোচ্চার হয়ে বলেছেন —

ও কি চন্ডাল! চমকাও কেন নহে ও ঘৃণ্য জীব
ওই হতে পারে হরিশচন্দ্র ওই শ্মশানের শিব।

অর্থাৎ মানুষের মধ্যেই দেবতা নিদ্রিত হয়ে থাকে, বাইরে থেকে তাকে চেনা যায় না। মানুষ একইভাবে একই অধিকার নিয়ে পৃথিবীতে জন্মালেও জন্মের পর উচ্চ নিম্নের গোষ্ঠী তৈরী হয়ে যায়। এই সমস্যা বহুদিনের। আধুনিককালে তা আরও বেশি প্রকট। এই সমস্যা ও সংকট বিশেষ কোনো দেশের সমস্যা নয়, সারা পৃথিবীর সমস্যা।

জনচেতনার কবি নজরুল জনমঙ্গলের জন্য ব্রাত্য মানুষদের বেছে নিয়েছিলেন তাঁর কাব্যসৃষ্টির উৎসভূমিতে। বঞ্চিত, শোষিত শ্রমজীবী মানুষরা নজরুলের আত্মার আত্মীয় হয়ে ওঠে। রাজবন্দীর জবানবন্দীতে তিনি বলেন —

> রাজার পেছনে ক্ষুদ্র; আমার পেছনে রুদ্র, রাজার পক্ষে যিনি,
> তাঁর লক্ষ্য স্বার্থ, লাভ অর্থ; আমার পক্ষের যিনি তাঁর লক্ষ্য সত্য,
> লাভ পরমানন্দ। রাজার বাণী বুদ্বুদ; আমার বাণী সীমাহারা সমুদ্র।
> আমি কবি, আমি অপ্রকাশ সত্যকে প্রকাশ করার জন্য, অমূর্ত
> সৃষ্টিকে মূর্তিদানের জন্য ভগবান কর্তৃক প্রেরিত।

সুতরাং আসল সত্যের সন্ধানে ব্রতী হয়ে সাম্যবাদী দৃষ্টিভঙ্গিতে সমকাল ও সমাজকে বিশ্লেষণে প্রয়াসী হয়েছিলেন নজরুল যা বুদ্বুদের মত নয়, কঠিন বাস্তবের মত সত্য ও অনুভববেদ্য।

১৯২৬ সালের ৩রা জানুয়ারি নজরুল কৃষ্ণনগরে চলে যান। রাজনৈতিক সূত্রে বঙ্গীয় কৃষক ও শ্রমিক দল অর্থাৎ ইংরেজিতে 'দ্য ওয়ার্কার্স অ্যান্ড পেজান্টস পার্টি অব বেঙ্গল' গঠিত হয়। এইসময় সক্রিয়ভাবে জনগণের সঙ্গে মেশার সুযোগ হলেও ছোটবেলা থেকেই জনগণেরই একটি সত্তা ছিল নজরুল। সুস্থ জীবনযাপন পদ্ধতিকে মুমূর্ষু বানাবার চেষ্টা-শোষক সম্প্রদায় করলেও নজরুলের মতো বন্ধুরা সেই পরিকল্পিত ষড়যন্ত্রকে বাস্তবায়িত হতে দেননি। তিনি মনে করতেন জীবনের ক্ষেত্রে জীবনের দাবিই প্রবল। তাই তাঁর সাহিত্যে বিশুদ্ধ শিল্প অপেক্ষা ইতিবাচক জীবনবোধই গভীর, ব্যাপক ও শাণিত রূপ লাভ করেছে। সাহিত্যক্ষেত্রে তাঁর পদযাত্রা শুরু হয় এই প্রতীজ্ঞা নিয়ে —

> যবে উৎপীড়িতের ক্রন্দন রোল / আকাশে বাতাসে ধ্বনিবে না,/
> অত্যাচারীর খড়্গ কৃপাণ ভীম রণ ভূমে রণিবে না —
> বিদ্রোহী রণক্লান্ত / আমি সেই দিন হব শান্ত

উৎপীড়িতের ক্রন্দন রোলকে থামানের চেষ্টাই তাঁর জীবনের ব্রত। সত্তগাত ৬ই পৌষ ১৩৩৫ এ আশুতোষ নারায়ন চৌধুরী বলেছেন —

'....... নজরুলই আমাদের দৃষ্টি ফিরিয়েছেন। বহু হইতে একের দিকে, বিশ্ব হইতে ঘরের দিকে, আকাশ হইতে নীড়ের দিকে। ... তাঁর বিদ্রোহ কেবল অত্যাচারের বিরুদ্ধে নয় — আকাশচারী কবিত্বের বিরুদ্ধেও তাঁর অভিযান।'

মানবতা, জাতীয়তা, জনগনের কথা অনেকেই ব্যক্ত করেছেন নানাভাবে। কিন্তু

নজরুল তাঁর রচনায় এক নতুন জাতির আশা আকাঙ্ক্ষার বাস্তবায়নের চেষ্টা করেছেন। —

ক) নাই দেশকাল পাত্রের ভেদ, অভেদ ধর্মজাতি,
সবদেশে সবকালে ঘরে ঘরে তিনি মানুষের জ্ঞাতি।

খ) শোনো মানুষের বাণী
জন্মের পর মানব জাতির থাকে নাক কোন গ্লানি।

অর্থাৎ কবির নিবিষ্ট জীবনানুরাগ ও জীবনবীক্ষার অভিপ্রকাশ ঘটেছে মানুষ নামক প্রাণীর অভেদত্বের মধ্যে। খাপছাড়া, ভাঙা, পঙ্গু জীবন নয়; ভালো, কমভালো, খারাপ সব নিয়েই পূর্ণাঙ্গ মানবসমাজ। নজরুল অর্থনৈতিক দিক থেকে ব্রাত্য, ধর্মগত দিক থেকে ব্রাত্য, জাতিগত দিক থেকে ব্রাত্য, সম্প্রদায়গত দিক থেকে ব্রাত্য এমনকি মানব-মানবীর অবস্থানগত ও পরিকাঠামোগত দিক থেকে ব্রাত্যজনের সখা ছিলেন। নিপীড়িত, বঞ্চিত, নির্যাতিত মানবজাতিকে নজরুল ইসলাম বর্ণ-ধর্ম-শ্রেণীহীন সমাজ গড়ার অভিপ্রায়ে সমস্ত দিক থেকে সমান (মানবিকতার বিচারে) করার মনোভাব ব্যক্ত করেছিলেন। শুধু তাই নয় কর্মযজ্ঞের ব্রত উদ্‌যাপনে তিনিই মূল পুরোহিত। তাই তিনি বলেন —

তোমারে সেবিতে হইল যাহারা মজুর মুটে ও কুলি
তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি,
তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদের গান
- তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান।

সুতরাং নজরুলের কাছে 'মানুষ' ও 'দেবতার' সংজ্ঞা কোন পুঁথি রচয়িতাদের অন্ধ বিশ্বাস ও ভক্তি প্রকটতার ফল নয়; 'জীবন যা হওয়া উচিত' তারই সম্বর্ধন, ঔচিত্যনীতির পূর্ণাঙ্গ প্রতিফলন, এবং 'জীবন যা আছে' সেই বাস্তবের তন্ময় উপস্থাপন। তাঁর ধারনার স্বরূপ অনুসন্ধানে মার্কস, লেলিনের বক্তব্যের ব্যাখ্যা বিশ্লেষণ প্রয়োজন। কারণ তাঁরা বলেছেন - সর্বাহারার সংস্কৃতিই সর্বোৎকৃষ্ট। লেলিন বলেছেন - সর্বাহারার সংস্কৃতিতো আকাশ থেকে পড়েনি। মানুষের সভ্যতা ও সংস্কৃতির, এককথায় মানবচিন্তার দুই সহস্রাধিক বছরের বিকাশের মধ্যে যা উৎকৃষ্ট, প্রত্যেকযুগের সবচেয়ে সেরা অংশগুলি আত্মস্থ করে ঢেলে সাজায় সর্বহারার সংস্কৃতি। বুর্জোয়া শ্রেণীকে ক্ষমতাচ্যুত করাই তাদের লক্ষ্য হলেও বুর্জোয়া মূল্যবান সংস্কৃতি, ঐতিহ্য তারা বর্জন করেনি আত্মস্থ করে নিয়ে সাজায়। তাই সে মানুষ - মান ও হুঁশ সম্মত মানুষ, সে দেবতা - সর্বাধিক মানুষের কল্যানকামী দেবতা।

শুধুমাত্র অত্যাচারের বিরুদ্ধেই সোচ্চার হয়েই ক্ষান্ত হননি, মানুষের মানবত্বের, আত্মজাগরণের দীক্ষাও দান করেছেন তিনি। মানুষের মধ্যে যে অপরাজেয় শক্তি আছে তার জাগরণের জন্য অর্গলাবদ্ধ সীমাবদ্ধতাকে বারবার আঘাত করেছেন। তাঁর দৃষ্টিতে বার্ধক্য হল — যা পুরাতনকে - মিথ্যাকে - মৃতকে আঁকড়িয়ে থাকে। যাদের মধ্যে মায়াচ্ছন্নতা আছে, যারা নবমানবের অভিনব জয়যাত্রায় শুধু বোঝা নয় বিঘ্ন, শতাব্দীর নবযাত্রীর চলার ছন্দে ছন্দ মিলিয়ে যারা কুচকাওয়াজ করতে জানে না, পারে না। যারা জীব হয়েও জড়, অটল সংস্কারের পাষাণস্তুপ আঁকড়ে পড়ে থাকে। কিন্তু কবি জীবনের কবি, যৌবনের কবি। তাঁর দৃষ্টিতে যৌবনের রূপ হল — যার অপরিমেয় শক্তি, গতিবেগ ঝঞ্ঝার ন্যায়, তেজ নির্মেঘ আষাঢ় মধ্যাহ্নের ন্যায়, আশা বিপুল, ক্লান্তিহীন উৎসাহ, বিরাট ঔদার্য, অটল সাধনা ব্রত যার নবপৃথিবীর অনুসন্ধান। কবি তাই ধনসঞ্চয়কারী কুবেরের পক্ষে থাকেননি যে আঁকড়ে থাকে, যার হারাবার কিছু নেই অথচ সৃষ্টি পদে পদে সেই ব্রাত্যসখাদের পাশে থেকেছেন নতুনের আনন্দে। যৌবন তাঁকে প্রাণিত ও প্রণোদিত করেছিলতো বটেই, প্ররোচিত করেছিল তার থেকেও বেশি।

সমাজের নিয়ম নিগড়ে ব্রাত্য নারী ও শিশুদেরও উজ্জীবিত করেছিলেন নজরুল। তাঁর কাব্যে ও সাধানায় নারীত্বের যে উদ্বোধন হয়েছে তাতে প্রমানিত হয়েছে নারী পুরুষের ছায়ামাত্র নয়, শিক্ষা-দীক্ষা সর্বক্ষেত্রেই নারীর সমান অধিকার। সমাজ ও জীবনে তারও একটি স্বতন্ত্র সত্তা আছে। তাঁর কথায় —

আমার চক্ষে পুরুষ রমনী কোনো ভেদাভেদ নাই।

অথবা

জাগো নারী জাগো বহ্নিশিখা
জাগো স্বাহা সীমন্তে রক্ত - টীকা।

- - - - - - - - - - - - - - - - - -

ধূ ধূ জ্বলে ওঠ ধূমায়িত অগ্নি
জাগো মাতা কন্যা বধূ জায়া ভগ্নি।
পতিতোদ্ধারিনী স্বর্গ স্খলিতা
জাহ্নবী সম বেগে জাগো পদ-দলিতা।

মানুষের গড়া অত্যাচার, পরাধীনতা, কুসংস্কার ও স্বার্থপরতার চক্রান্ত থেকে নারীকে স্বমর্যাদায় প্রতিষ্ঠিত করে সমাজদেহকে বলিষ্ঠ ও পূর্ণাঙ্গ করতে চেয়েছেন।

শিশুদের সমান বন্ধু তিনি ছিলেন। শিশু অত্যাচারের প্রতিবাদ ও শিশু আনন্দ দানের খোরাক তাঁর কাব্যে প্রতিভাত। 'আমার কৈফিয়ত' কবিতায় কবির অভিযোগ

ধ্বনিত হয় ন্যায়াধীশ বিধাতার কাছে —

কেঁদে বলি ওগো ভগবান, তুমি আজিও আছ কি? কালি ও চুন
কেন ওঠেনাক তাহাদের গালে, যারা খায় এই শিশুর খুন ?

কত শত কোটি ক্ষুধিত শিশুর ক্ষুধা নিঙাড়িয়া করিয়া গ্রাস।

শিশুশিক্ষা, কর্তব্যবোধ, জ্ঞানের পথে আহ্বানধ্বনি, আনন্দধারার মধ্যে, কৌতুকরসের মধ্যেও জ্বাজ্বল্য রেখেছেন —

ভোর হলো
দোর খোলো
খুকুমনি ওঠ রে -------
নাই রাত
মুখ হাত
ধোও, খুকু জাগো রে।

অথবা - বাবুদের তালপুকুরে
হাবুদের ডাল কুকুরে

যাব ফের? কান মলি ভাই,
চুরিতে আর যদি যাই।

ব্রাত্য-সখা নজরুল সম্পর্কে শিবারম চক্রবর্তী বলেছেন —

কাজীর কাব্যের চেয়ে বড়ো কাজী মানুষ। এত বড়ো প্রাণ আমি খুব কম সাহিত্যিকেরই দেখেচি। দু'একজন অতি বড়ো সাহিত্যিকের সঙ্গে মেশবার সৌভাগ্য বা দুর্ভাগ্য আমার হয়েছে, তার অভিজ্ঞতা থেকে, পৃথিবীতে যত প্রকারের হিংস্র প্রাণী আছে সাহিত্যিকেরা তার মধ্যে পড়ে কিনা, এই সভয় সন্দেহ আমার মনে জেগেচে। সুখের বিষয় কাজী এই গোত্র ছাড়া, ও কেবল সাহিত্যিক নয়, ও মানুষ ও তার কাব্যে ও জীবনে সমান উন্নত শির। ----- সত্যিকারের স্রষ্টা সে। তার মুখে কারো নিন্দা শুনিনি। সে তার নিন্দুককেও ক্ষমা করে, কারুকে তার ঈর্ষা নেই, তার যে ঈর্ষাতুর সেও তার স্নেহ থেকে বঞ্চিত হয় না — তার প্রতিদ্বন্দ্বীকেও সে হাত বাড়িয়ে সাহায্য করে। সত্যিকার কবিপ্রাণ তার। তার কাছে গেলে সে তথ্য শোনায় না, তত্ত্বকথার বুলি ঝাড়ে না, তার ইচ্ছে আনন্দদান।

সুতরাং ভাবে - ভাষায় - চেতনায় - মানবিকতায় - বন্ধুত্বে - সহানুভূতিতে কোথাও তিনি আরোপিত অনুভূতিতে ছায়াচ্ছন্ন ছিলেন না, বিশুদ্ধ ইতিবাচক জীবনবোধই তাঁর অন্যতম হাতিয়ার ছিল। বিকৃত আলোচনা সমালোচনা অবশ্যই চেতনার শোচনীয় আত্মহননের দুয়ার উদ্ঘাটন করবে। কিন্তু শুভমূল্যবোধ ছাই চাপা আগুনের মত আত্মপ্রকাশ করবেই। তাই ব্রাত্য - সখা নজরুল রক্তাল্পতায় মুমূর্ষ সত্তাকে সুস্থ সৃজনশীলতায় ফিরিয়ে আনতে আপ্রাণ চেষ্টা করেছিলেন।

BETWIXT DREAM AND REALITY

Supriya Dhar
Part-Time Lecturer,
(Department of English)

Thomas Lanier Williams, son of Edwina and Cornelius Williams first uses the name "Tennessee Williams" on a contest application form submitted with four plays called American Blues in 1939. His two most memorable dramas A Streetcar Named Desire and Cat on a Hot Tin Roof won Pulitzer Prize and New York Drama Critics Circle Award. The Glass Menagerie, a moving drama of Williams received favourable reviews and in April the New York Drama Critics Circle announced that The Glass Menagerie won Best American Play award on the first ballot. Williams established a close relationship with his sister Rose which influenced his writing, especially, The Glass Menagerie. The nervousness and anxiety of Rose on account of this strange relationship gradually became pronounced, and she was placed in a mental hospital, and later on became calm, though institutionalized, for the rest of her life. Tennessee died in his room at the Elysee Hotel, New York, 25 February, 1983. An autopsy revealed that he had choked on a small medicine bottle cap. He is buried in St. Louis between his mother and a grave reserved for his sister, Rose; his will generously provides for her care and comfort as long as she lives.

The most eminent dramatists of the American Theatre are Eugene O'Neill, Thornton Wilder, Tennessee Williams, Arthur Miller, Edward Albee, and Sam Shepard. Tennessee Williams was the most literary of the American Theatre, the greatest of American lyrical poets Hart Crane was truly his precursor, and Tennessee asserted he had other precursors also : D.H. Lawrence and Chekhov. Tennessee had a self- destructive genius, and was the most self-destructive figure in American literature. Violence and blackness and bestiality of man preoccupied the genius of Williams, though a newer vision of sweetness and light reverberated with the more smiling aspects of life in some of his later plays. He divided his dramas in to two groups : the violent plays, those which emphasize the violence of rape, castration, sexuality, cannibalism and man's bestiality, and the non violent plays.

Tennessee Williams is dubbed as the "dramatist of frustration" because of this unavoidable truth that he had captured the truncated lives of his characters, caught in a world of their own illusions and unable to break out. His means of presenting this peculiar predicament of man are symbolic rather than literal. The fragility of man's world (the fragility of the capitalist American society), the harshness of the world of reality, the constant conflict between illusion and reality are the main themes by the help of which Tennessee Williams builds the framework of his dramas. The poignant plot of illusion and frustration in the lives of little people, loss of identity of individuals, social and spiritual catastrophe run through his dramas. The note of social disaster of the great American Depression runs throughout almost all his dramas, fixing the lives of individuals against the larger Canvas. The characters of his dramas are the emissaries of the American dream trapped by circumstance. Williams had a strong Southern religious tradition like William Faulkner, and he took shelter in the World of Christian symbolism to describe his individuals "trapped by circumstance." He portrayed the collapse of beliefs through imagery of light and shade. Williams said in 1948 that the dominating premise of his work was "the need for understanding and tenderness and fortitude among individuals trapped by circumstance."

The characters of Tennessee Williams live in a world "sick with neon', both Williams and Arthur Miller place their characters in the same no-man's-land, trapped in a world of illusion and reality, the spiritual and the material. His characters exist in a world hearing the sad note of a discordant present and a lyrical nostalgia. Tennessee once suggested that nostalgia is the first condition of a play and there is no denying the fact that it is in a sense of all William's work. But the important point is this that it is a nostalgia for a past which he did not believe had ever existed. Here we find a close and significant affinity of Tennessee Williams with Arthur Miller because of this fact that their characters find themselves hopelessly stranded in a world of void. They cannot adjust neither with their setting nor times as a result of which they take shelter in the domain of the distorted memories of the past or wistful dreams of an unknown future, and thus they try to fill the void of the present. So time is, indeed, the dominant fact in all of his work. As Williams remarks, "Fear and evasion are the two little beasts that chase each other's tails in the revolving wire-cage of our nervous world. They distract us from feeling too much about things. Time rushes towards us with its hospital tray of infinitely varied narcotics, even while it is preparing us for its inevitably fatal operation."

Tennessee Williams said in 1950 that he had substituted a concern with 'the fearful isolation of the individual being' and in his early plays he painted a group of people who suffered through material deprivation; in his later plays Williams celebrated the agony of the solitary individual or sometimes a sad alliance of two such people. The oppressive nature of American political life forced an artist like Williams to withdraw in to the deserted province of his isolated being. This is not decadence, this is not the reactionary attitude; but this is the progressive outlook of an artist living in the caverns of capitalism where the fragile and the vulnerable are menaced by power so much so that the question of survival of his characters was a reflection of the political world. As he wrote, "Everywhere the people seem to be waiting for the new cataclysm to strike them....... they are waiting for it to happen with a feeling of fatality..... Nevertheless, the people want to survive, they want to keep on living through it, whatever it may be." The threatened characters of Tennessee Williams fear not only the impact of the social and political world, but also an incredible and shocking mystery which is not materially visible and knowable. Williams "has put together a kind of modern myth, a symbolic representation of the life of man in our time." The horrible symbol of the alienated and the lost looms large in the dramas of Tennessee Williams.

The personal experiences of Tennessee William's life go to frame the very texture of the plays. Williams believed it firmly that he lived in a world, rather he was forced to live in a world where he could not communicate properly his feelings and emotions. The standard condition of that world was inhuman. Love was absent there. Brute violence and loneliness dominated that world. A highly sensitive man is bound to feel alienated from his milieu. All these things gave birth to tensions which were at the core of his artistic creation. Tennessee Willams, a hyper-sensitive man lived in an American success-oriented society. Merciless harshness dominated the then American society. The characters in his drama are highly afraid of the corrosive life process and in such a social predicament they frantically search for a principle which they think will give them some type of meaning to life and experience. Meaninglessness of existence was the predominant force of American society. The path

Tennessee Williams followed was the path where he can explore the alternatives mirrored within the image of his own consciousness. We may safely say that Williams, through his characters journeyed in search of lonely man's identity, their attempt to interpret the meaning of human existence.

বাংলায় চৈতন্য-আন্দোলনের গতিপ্রকৃতি

শুভময় ঘোষ
(বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ)

রাষ্ট্রের নানা ওঠা-পড়ার মাঝে মানুষের যথার্থ ইতিহাস আসলে দেশে-কালে-বাঁধা অগণিত সাধারণজনের এগিয়ে চলার কথা। সেদিক থেকেই পৃথিবীব্যাপী মানবসভ্যতার ইতিবৃত্তে কখনও কখনও বাঁধভাঙা নদীকল্লোলের মতো জেগে ওঠে ক্ষোভে-বিপ্লবে আবেগদীপ্ত মানুষের সমস্বর। আবার কখনও এই সভ্যতার রঙ্গভূমিতে অবতীর্ণ হন এমন এক মানুষ, যিনি একাই প্রাণে ও প্রেরণায় হয়ে ওঠেন এক বিশেষ দেশ-কাল-সীমায়িত জাতির ইতিহাসনিয়ন্তা, ভাগ্যবিধাতা। কখনও কখনও ঐ বিশেষ যুগের গণ্ডি ছাড়িয়ে-ছাপিয়ে সভ্যতার নব-নব রূপেও পৌঁছেও যায় তাঁর প্রয়াস, প্রভাব। বাঙালি জীবনের ইতিকথায় মহাপ্রভু শ্রীচৈতন্য তেমনি এক মহামানব। এই একটিমাত্র ব্যক্তিকে কেন্দ্র করে মধ্যযুগে বৃহত্তর বাংলার কৃষ্টি, সংস্কৃতি, সাহিত্য ও শিল্পকলাই কেবল নতুন দিশা খুঁজে পায়নি, চৈতন্যের প্রেমভক্তির সূত্রে আপামর বাঙালিজীবন খুঁজে পেয়েছিল জীবনের অর্থময়তা, সদর্থকতা। একবিংশ শতকে পৌঁছে আজও বাংলার গণ-মানসে শ্রীচৈতন্য তাই পূজিত 'প্রেমের ঠাকুর' রূপে।

হিন্দু ধর্মের পঞ্চোপাসনার একটি বিশেষ মাত্রা হিসেবে বৈষ্ণব ধর্ম কিন্তু বাংলায় প্রতিষ্ঠা পেয়েছিল চৈতন্যের অনেককাল আগেই। কিন্তু মহাপ্রভুর অনন্য প্রভাবেই সেই সাবেকী ধর্ম পরিণত হয়েছিল প্রেমধর্মে। তাঁর জীবন-সাধনায় সে-ধর্মে মুক্তিকে তুচ্ছ করে প্রাধান্য পেল ভক্তি, আচারকে ছাড়িয়ে আবেগ, ভীতিকে ছাপিয়ে প্রীতি। কোনো কোনো আলোচক ষোড়শ শতকে চৈতন্যের এই আন্দোলনকে বিধর্মী মুসলিম শাসকের শাসন-পীড়নের প্রতিক্রিয়া হিসাবে বর্ণনা করেছেন। সেক্ষেত্রে গৌরাঙ্গের কাজীদলনকে তাঁরা দেখতে চান ইসলামের বিরুদ্ধে হিন্দু-জাগরণ হিসেবে। বলা বাহুল্য, গোঁড়া, পাণ্ডিত্য-অভিমানীর স্বকপোলকল্পিত এই ধারণা বাংলার বৈষ্ণবান্দোলন সম্পর্কে আমাদের ভুল পথে চালনা করতে চায়। কাজীদলন এই আন্দোলনের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পর্ব হলেও তাতে ভিন্নধর্মী শাসকের বিরুদ্ধতা নয়, বরং মানুষের ব্যক্তিগত, গোষ্ঠীগত ধর্মাচরণের স্বাধীনতা এবং স্বীকৃতির দাবিই সোচ্চার হয়ে উঠেছে। সামান্য অনুসন্ধানেই চোখে পড়ে যে, নবদ্বীপে কীর্তন বন্ধে কাজীর যে আদেশ তাও তার ব্যক্তিগত ধর্মবিদ্বেষজাত নয়। বরং হিন্দুধর্মের অবৈষ্ণব দলপতিদের প্ররোচনাতেই তাকে সে-নির্দেশ দিতে হয়েছিল। সত্যি কথাটা এই যে, গৌরাঙ্গের এই আন্দোলন সেদিনের রাজধর্মের কাছ থেকে সক্রিয় সমর্থন না পাক, প্রতিকূলতাও পায়নি। এমনকি যে হুসেন

শাহ "ওড্রদেশে কোটি কোটি প্রতিমা প্রাসাদ। / ভাঙ্গিলেক কতমত করিল প্রমাদ" তিনিও সে হরক্ষী কেশব ছত্রীর কাছে চৈতন্যের কথা শুনে বলেছেন - "যেখানে তাহার ইচ্ছা থাকুন সেখানে। / আপনার শাস্ত্রমত করুন বিধানে। / সর্বলোক লই সুখে করুন কীর্তন।/ বিরলে থাকুন কিবা যেন লয় মন।। / কাজি বা কোটাল বা হউ কোন জন। / কিছু বলিলেই তার লইব জীবন।।" তাই চৈতন্যজীবনীকাব্যগুলির কোথাও কোথাও সেকালে হিন্দুসমাজের ওপর ইসলাম ধর্মাবলম্বী শাসকের দৌরাত্ম্যের কথা আছে ঠিকই, কিন্তু তা নিতান্তই বিক্ষিপ্ত, বিচ্ছিন্ন ঘটনা হিসাবে। চৈতন্য ধর্মান্দোলনের কারণ হিসাবে সেইসব আদি চৈতন্যজীবনীকারের কিন্তু হিন্দুধর্ম ও সমাজের অন্তর্নিহিত সংকটকেই স্পষ্টমাত্রায় চিহ্নিত করেছেন। আসলে বিধর্মী শাসনে রাজ পৃষ্ঠপোষকতা হারিয়ে ব্রাহ্মণেরা সেদিন অতিমাত্রায় যত্নশীল হয়ে উঠেছে সমাজে তাদের জাতি-ধর্ম-বর্ণগত শ্রেষ্ঠত্বের অধিকার সংরক্ষণে। ব্রাহ্মণ্য জীবনধারার নতুন ব্যাখ্যা দিলেন তারা নব্যস্মৃতিতে। ফলে ধর্ম হয়ে পড়ল ক্রিয়াকান্ড নির্ভর, জীবন হয়ে উঠল আচার-বিচার কণ্টকিত, জাতি-বর্ণভেদের প্রাচীর হলো সুদৃঢ়, বিদ্যার্জন পর্যবসিত হলো তর্ক-কর্কশ নব্যন্যায় ও শুষ্ক ব্যাকরণসূত্র চর্চায়। সমাজ পরিণত হলো অচলায়তনে, বোধ বিবর্জিত কূটবুদ্ধি জমিয়ে তুলল জীবনের স্তরে-স্তরে ক্লেদ, কালিমা, কলুষ। হিন্দুসমাজের উচ্চবর্ণের কাছে নিম্নবর্ণের জীবনসমস্যা ও সংকটের কোনো মূল্যই ছিল না সেদিন। প্রাণের স্বতঃস্ফূর্ততা হারিয়ে জীবন সেদিন কোন্ পঙ্ককুন্ডে মুখ থুবড়ে পড়েছে, ভক্তির সরসতা হারিয়ে ধর্ম কেমন করে হয়ে উঠেছে অভিজাতের বিকৃতি-বিলাস, বিনয়ের লালিত্য মুছে গিয়ে বিদ্যা কেমন অহংসর্বস্বতায় রূপ নিয়েছে, তার সাক্ষ্য মিলবে বৃন্দাবনদাসের 'চৈতন্যভাগবতে'। 'জগৎ প্রমত্ত ধন পুত্র বিদ্যারসে' — একথা জানিয়ে তিনি বলছেন — "ধর্মকর্ম লোকে সবে এইমাত্র জানে।/ মঙ্গলচণ্ডীর গীত করে জাগরণে।। / দম্ভ করি বিষহরী পূজে কোনো জন। / পুত্তলি করয়ে কেহ দিয়া বহু ধন।। / বাশুলী পূজয়ে কেহ নানা উপহারে। / মদ্য মাংস দিয়া কেহো যক্ষপূজা করে।। / না শুনে কৃষ্ণের নাম পরম মঙ্গলে।।' বলা বাহুল্য যে, চৈতন্যের আন্দোলন ছিল এই রক্ষণশীল, জাতি-বর্ণে খণ্ডিত, স্মৃতি অনুশাসিত, বিচার-কণ্টকিত, বিপথগামী হিন্দুসমাজ ও ধর্মের বিরুদ্ধে দৃপ্ত প্রতিবাদ। ভক্তি ও ভালোবাসার বন্যায় হিন্দু জনজীবনের এই অচলায়তনকে ভাঙতে চেয়েছিলেন প্রেমঘনবিগ্রহ মহাপ্রভু। জীবনের শুক্‌নো, মরা-খাতে আনতে চেয়েছিলেন প্রাণাবেগের জলোচ্ছ্বাস।

অবশ্য গৌরাঙ্গের নেতৃত্বদানের আগেই নবদ্বীপের একটি ক্ষুদ্র গোষ্ঠী বৈষ্ণবীয় ভক্তির পথ অবলম্বন করেছিল। এ গোষ্ঠীর অন্তর্গত ছিলেন অদ্বৈত আচার্য, গদাধর, শ্রীবাস, চৈতন্যের মেশো চন্দ্রশেখর, মুকুন্দ প্রমুখেরা। এঁদের সাধন-ভজন সীমিত ছিল শ্রীবাস-অঙ্গনে ভাগবত পাঠ ও ব্যাখ্যায় এবং হরিগুণগানে। নিমাইয়ের অগ্রজ, বিশ্বরূপও

এঁদের সঙ্গ নিতেন। পরে এক মাহেন্দ্রক্ষণে এঁদের সঙ্গে এসে মিলবেন অবধূত নিত্যানন্দ। যা বিশেষভাবে লক্ষনীয় তা হলো-ভক্তির ভাবনায় প্রাণিত এই গোষ্ঠীর প্রায় সকলেই ছিলেন ব্রাহ্মণ। শ্রদ্ধেয় ড. বিমানবিহারী মজুমদার তাঁর গবেষণায় পরবর্তীকালে চৈতন্যজীবনের যে সন্ধান দিয়েছেন - তাতেও দেখা যায় যে, চৈতন্যের ৪৯০ জন পরিকরের মধ্যে ২৩৯ জনই ছিলেন ব্রাহ্মণ। এ থেকে বোঝা যায় যে, সেকালের ব্রাহ্মণ্যসংস্কারশাসিত জীবনধারায় সকল ব্রাহ্মণই মনের তৃপ্তি পাননি। তাঁরা তাই সন্ধান করছিলেন এক বিকল্প জীবনাদর্শের। ধ্যান-ধারণার ক্ষেত্রে সূচনাপর্বে স্বভাবতই নবদ্বীপে এঁরা ছিলেন সংখ্যালঘু, অনেকক্ষেত্রেই সমাজের উঁচুতলায় এঁরা বৈষ্ণব বলে নিন্দিত, উপহসিত হয়েছেন। এমনকি সেদিনের ধর্মনৈতিক অবক্ষয়ের পটভূমিতে,রহস্যাবাদী তন্ত্রাভিচারিক ক্রিয়া কলুষিত বাংলায় তাদের দেখা হয়েছে সন্দেহের তির্যক ভঙ্গিতে — "কেহো বলে আরে ভাই মদিরা আনিয়া। / সবে রাত্রি করি খায় লোক লুকাইয়া।। /.... কেহো বলে আরে ভাই সব হেতু পাইল। / দ্বার দিয়া কীর্তনের সন্দর্ভজানিল।। / রাত্রি করি মন্ত্র পড়ি পঞ্চকন্যা আনে। / নানাবিধ দ্রব্য আইসে তা সবার মনে।। / ভক্ষ্য ভোজ্য গন্ধমাল্য বিবিধ বসন। /খইয়া তা সবা সঙ্গে বিবিধ রমণ।। /ভিন্ন লোক দেখিলে না হয় তার সঙ্গ। /এতেক দুয়ার দিয়া করে নানা রঙ্গ।।" এমনকি স্বয়ং নিমাইয়ের বিদ্রূপবাণের হাত থেকেও রেহাই মেলেনি এই বৈষ্ণবগোষ্ঠীর। তরুণ বয়সের উদ্ধত, বিদ্যাগর্বী, তার্কিক নিমাই পণ্ডিতের মধ্যেও ফুটে উঠেছিল অহংসর্বস্ব পাণ্ডিত্যের যুগলক্ষণটুকু। কৃষ্ণভক্তদের ব্যাকরণের ফাঁকি জিজ্ঞাসা করে তিনি বিব্রত করে তুলতেন। তাঁরা তখন পালাবার পথ পেতেন না — "এ বেটা পড়য়ে যত বৈষ্ণবের শাস্ত্র। /পাঁজি বৃত্তি টীকা আমি বাখানি সে মাত্র।। /আমারে সম্ভাষে নাহি কৃষ্ণের কথন। /অতএব আমা দেখি করে পলায়ন।।" কিন্তু গয়ায় পিতৃপিণ্ড দিয়ে ঈশ্বরপুরীর কাছে দীক্ষিত যে গৌরাঙ্গ নবদ্বীপে ফিরে এলেন - তিনি সম্পূর্ণই ভাবান্তরিত। কৃষ্ণভক্তির মুকুল তাঁর অন্তরে বিকশিত হয়ে উঠছে। অচিরেই তিনি হয়ে উঠলেন এই বৈষ্ণবগোষ্ঠীর সর্বজনমান্য নেতা, প্রাণপুরুষ। সুদিব্য গৌরতনু ও অসাধারণ ব্যক্তিত্বের অধিকারী এই মানুষটিকে কেন্দ্রে রেখেই এক ক্ষুদ্র গোষ্ঠীর বৈষ্ণব প্রাণতা ও ভক্তিচর্চা পরিণত হলো দিগন্তপ্রসারী বৈষ্ণব আন্দোলনে।

বংলার বৈষ্ণব ধর্মান্দোলনের এই জননায়ক 'আপনি আচরি' মানুষকে ভক্তি সাধনার যে দীক্ষা দিলেন তার মূলবাণী একটিই। তা হলো-'প্রেম'। চিত্তে এই প্রেমের উদ্বোধনই চৈতন্যধর্মের সারকথা। সন্দেহ নেই যে, "বৃহত্তমের সঙ্গে যে যোগসম্বন্ধ, অখণ্ড ভূমানন্দের সঙ্গে যে ভাববন্ধন" — তারই নাম প্রেম। কিন্তু তার চেয়েও বড় কথা হলো যে, বৈষ্ণবীয় এই প্রেম ভগবদ্‌প্রীতির শিখর ছুঁয়ে উচ্ছল তরঙ্গভঙ্গে নেমে এসেছে মানবপ্রীতির আঙিনায়। সুগভীর ভগবদ্‌প্রেম ও বিশ্বপ্লাবী মানবপ্রেম — তার গতি দুদিকেই।

মানুষের মনে শ্রীকৃষ্ণের বংশীধারী রাধা মোহন মূর্তিটিকে গেঁথে দিয়ে গৌরাঙ্গ কেবল দেবতাকেই প্রিয় করে তোলেননি, সেইসঙ্গে 'কৃষ্ণের যতেক খেলা'য় 'নরলীলা'কেই 'সর্বোত্তম' ঘোষণা করে মর্ত্যের মানুষের মহিমাকেও তিনি তুলে ধরেছেন আলোয়, ঊর্ধায়িত করে। নবদ্বীপের সুরধুনীতট আমাদের জানিয়েছে যে, মানুষের উন্নয়নের চরমতা যেমন ভগবত্ত লাভে, তেমনি ভগবানের অবতরণের চরমতাও মানবত্ব লাভে। আর এই মানবমুখিনতার সূত্রেই তিনি রচনা করলেন স্বর্গ-মর্ত্যের এক মিলনসেতু, এতদিনের মানহারা মানুষের ধূলিধূসরিত, তুচ্ছ জীবনকেও দিলেন এক দুর্লভতার গৌরব। ঈশ্বর ও মানুষের মাঝে ব্রাহ্মণ্যতন্ত্রের যে ক্রিয়াকৌশল অস্বচ্ছ, দুর্ভেদ্য জঞ্জাল-প্রাচীরের মতো জমে উঠেছিল, একলহমায় তাকে ধূলিস্যাৎ করে গৌরাঙ্গ ঈশ্বরলাভের সহজ, সরল, অনাড়ম্বর, মধুর, স্বতঃস্ফূর্ত, সর্বজনবোধ্য পথের সন্ধান দিলেন। সে পথ ভক্তি আর ভালোবাসার। সে পথ নামগান আর নগরকীর্তনের। প্রেম আর পূজা সেখানে মিশে গেছে এক বিন্দুতে। যেন বোঝাতে চাইলেন যে, যে-ঈশ্বরের দিকে এতকাল মানুষ তাকিয়েছে ভীত-ত্রস্ত দৃষ্টিতে, এবার তাঁকে দেখতে হবে নতুন আলোয়, — সব ভয় ঘুচিয়ে মায়ার মোহাঞ্জন চোখে মেখে। কেননা, তিনি যে মধুর, তিন যে রসিক, "মানুষের তিন সখা, মানুষের তিনি সন্তান, মানুষের তিনি কান্ত। প্রতি মানুষের হৃদয়দ্বারে প্রেমের কঙালরূপে তিনি নিত্য দণ্ডায়মান, দ্বার খুলিলেই মিলন ঘটিবে।.... ভগবানকে ভালোবাসা সহজ; তাহা তত্ত্বজটিল কৃচ্ছ্রসাধনের "ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া দুর্গং পথঃ" নহে। প্রতিদিনের সংসারযাত্রায় আমাদের প্রীতি মাতায়-সন্তানে, বন্ধুতে-বন্ধুতে, পতি-পত্নীতে যে বিচিত্রভাবে আপনা হইতে স্বাচ্ছন্দে আত্মপ্রকাশ করে, তাহার ভগবন্মুখিতাই ভগবৎ-প্রেম"। আর অন্যদিকে মানুষ শুনল-যে নাম, সেই কৃষ্ণ, 'নামের সহিত সদা ফিরেন শ্রীহরি'। এমনকি নামীর চেয়েও নামের শক্তি বেশি, এই বিশ্বাস মানুষের অন্তরে আলোড়ন তুলল, উদ্বেল করে তুলল নামসাধনে। ভগবানের নামগ্রহণে জাতি-বর্ণ-নির্বিশেষে সকলেরই সমানাধিকার — সেখানে ব্রাহ্মণ-চণ্ডালে, ধনী-নির্ধনে, পণ্ডিত-মূর্খে, নারী-পুরুষে ভেদ নেই। ভগবদ্‌রাজ্যে সকলেই কৃষ্ণের জীব, সকলেই কৃষ্ণ-অনুগত, কৃষ্ণদাস-মানুষের ভিন্ন কোনো পরিচয় বস্তুত বাহ্য, গৌণ — এই ভাবনা মধ্যযুগের সামন্ততান্ত্রিক সমাজকাঠামোর ঘেরাটোপেই ধর্মের সূত্রে তৈরি করল এক 'আধ্যাত্মিক গণতন্ত্রের' বাতাবরণ। জাতি-ধর্মে-বর্ণে খণ্ডিত গৌড়বঙ্গের অগণিত অন্তেবাসী এই ভালোবাসার উদার আকাশের নিচেই খুঁজে পেল হৃতসম্মান, মানুষ্যত্বের গৌরব। সেই মানুষী প্রেমের স্বর্গীয় প্রকাশেই সেদিন 'শান্তিপুর ডুবু ডুবু', নবদ্বীপ বানভাসি। 'চণ্ডালোঽপি দ্বিজশ্রেষ্ঠঃ হরিভক্তি পরায়ণ' — গৌড়ীয় বৈষ্ণবের এই উচ্চারণ সেদিন হয়ে উঠেছিল যথার্থই 'ব্রাত্যজনের মুক্তিগীতি'। এই উদার মানবিকতা, জীবনের প্রতি এক প্রেমময় বলিষ্ঠ প্রত্যয়ই গৌড়ীয় বৈষ্ণধর্মের শ্রেষ্ঠ সম্পদ। ভগবদ্‌প্রীতির ও মানবপ্রীতির এই যুক্তবেণীসঙ্গমেই

সাবেকী বৈষ্ণবধর্ম গৌরাঙ্গের সূত্রে পরিণত হয়েছিল সমজের বুকে সদর্থক, প্রগতি-সহায়ক এক মতাদর্শে।

বাংলার বুকে প্রেমধর্ম, গণধর্ম রূপে বৈষ্ণবধর্মের এই উজ্জীবনে একত্রে চৈতন্যের সঙ্গে উচ্চারণযোগ্য অদ্বৈত আচার্য, নিত্যানন্দ, শ্রীবাস কিংবা গদাধরের নামও। তাঁদের উৎসাহ, উদ্দীপনা, উচ্ছ্বাস, উদারতার কোনো প্রশংসাই যথেষ্ট নয়। এঁদের মধ্যে শান্তিপুরের অদ্বৈতই ছিলেন প্রবীণতম। গৌরাঙ্গের আগে পর্যন্ত তিনিই ছিলেন ক্ষুদ্র বৈষ্ণব গোষ্ঠীর নেতা ও অভিভাবক। পরবর্তীকালে গৌরাঙ্গের সন্যাস গ্রহণে বাংলায় বৈষ্ণব ধর্ম প্রচারের মুখ্য দায়িত্বও নিত্যানন্দের সঙ্গে ভাগ করে নিয়েছিলেন তিনি। ধর্মপথে জ্ঞান ও ভক্তি পরস্পরবিরোধী। কিন্তু অদ্বৈতের ভক্তি ছিল জ্ঞানমিশ্রা। একসময় তিনি বিশুদ্ধ জ্ঞানমার্গের পথিক ছিলেন। ভক্তিপথের ভাবুক হয়েও সেই পুরোনোর পিছুটান তিনি সর্বাংশে কাটাতে পারেননি। সেজন্য স্নেহাস্পদ মহাপ্রভুর কিল-ঘুঁষিও তাঁকে হজম করতে হয়েছিল। জ্ঞান ও ভক্তির মধ্যে কোন্‌টি শ্রেষ্ঠ - মহাপ্রভুর এই জিজ্ঞাসায় অদ্বৈত যখন বললেন "সর্বকাল বড় জ্ঞান", তখন ক্রোধে বাহ্যজ্ঞানশূন্য গৌরাঙ্গ — "পিঁড়া হইতে অদ্বৈতেরে ধরিয়া আনিয়া / স্বহস্তে কিলায় প্রভু উঠানে পড়িয়া।।" এইজন্যই কোনো গবেষক মনে করেছেন যে অদ্বৈত "believed in tempering intellectual Advaitism with emotional Bhakti". শোনা যায় যে, ভক্তিপথ অবলম্বনের জন্য তাঁর দুই অদ্বৈতবাদী শিষ্য তাঁকে পরিত্যাগ করেছিলেন। যাই হোক্, বাংলায় বৈষ্ণবধর্ম প্রচারে ও চৈতন্যমহিমাখ্যাপনে তাঁর অবদান কখনওই ভুলবার নয়। কিন্তু বিচারবিহীন প্রেম বিতরণে যে মানুষটি স্বয়ং নিমাইকেও ছাড়িয়ে উঠেছেন, তিনি নিতাই-নিত্যানন্দ অবধূত। প্রসঙ্গত স্মর্তব্য যে, প্রেমাবতার গৌরাঙ্গ তাঁর বর্ণগত আভিজাত্যের গৌরবছেড়ে নেমে এসেছিলেন শঙ্খকার, মালাকার প্রভৃতি তথাকথিত নিম্নবর্ণের মাঝে। খোলাবেচা শ্রীধর, কিংবা যবন হরিদাসের সঙ্গে তাঁর সখ্যতা এবং আন্তরিক হৃদ্যতা কারোরই অজানা নয়। তবু কার্যক্ষেত্রে, বাস্তবজীবনে নিজের বর্ণগত সংস্কারকে বিসর্জন দেওয়া তাঁর পক্ষে সম্পূর্ণ সম্ভব হয়নি। জাতি-বর্ণভেদপ্রথার অবলুপ্তি তাঁর অভীপ্সিতও ছিল না। তাঁর লক্ষ ছিল বিভিন্ন জাতি ও বর্ণের মধ্যে ঘৃণা ও দূরত্ব ঘুচিয়ে এক মানবিক প্রীতির চলাচল তৈরির। কিন্তু নিত্যানন্দ সর্বার্থেই সকল লৌকিক সংস্কার ঘুচিয়ে সকলকেই প্রেমের আলিঙ্গনে আত্মার আত্মীয় করে তুলতে চেয়েছিলেন। পেরেওছিলেন। মধ্যযুগীয় সমাজ-কাঠামোয় এই সর্বসংস্কারমুক্ত প্রেমের সর্বোত্তম, বাস্তব পরাকাষ্ঠা ছিল আদ্বিজচণ্ডালের একত্র পংক্তিভোজন। তারই আয়োজন করেছিলেন তিনি খড়দহের চিড়াদধিমহোৎসব। একারণেই পরবর্তী গবেষকদের কেউ তাঁকে 'হিন্দুবাংলার প্রথম সমাজ বৈপ্লবিক', কেউ বা 'বাংলার ইতিহাসের সর্বশ্রেষ্ঠ 'ডিমোক্র্যাট' বলেছেন। কেননা — "He opened the doors of the society to all people irrespective of caste. Though the chief inspiration of this came from Chaitanya himself". আর বাংলার এই জনজাগরণে, জাতির এই চিত্ত-বিস্ফারে যিনি সকল প্রাণের প্রাণ সেই নবদ্বীপচন্দ্র শ্রীগৌরাঙ্গ হয়ে উঠলেন মানুষের চোখের মণি, প্রাণের দেবতা। বস্তুত, ষোড়শ শতকে চৈতন্যের এই আন্দোলন মূলত ধর্মান্দোলন হলেও তার বীজমন্ত্রটি ছিল ব্যক্তির বাধাবন্ধনহীন আত্মপ্রকাশের। তাই সে আন্দোলন সমাজের চিরাচরিত কাঠামোতেও ফাটল ধরিয়েছিল। একদিকে যেমন বিভিন্ন জাতির মধ্যে সাময়িক উল্লম্ব সচলতার সুযোগ তৈরি হয়েছিল, অন্যদিকে তেমনি পুরুষতান্ত্রিক সমাজকাঠামোতেও ব্যক্তিস্বাতন্ত্র্যের আলোয় জেগে উঠছিল এতকালের অন্তঃপুরিকা নারীর মুখ। আপন বিদুষিতায় ও স্বাতন্ত্র্যে বৈষ্ণবধর্মে তাঁরা অধিকার করেছিলেন গুরুর স্থান। এঁদের মধ্যে সর্বাগ্রে উল্লেখ করতে হয় নিত্যানন্দ পত্নী জাহ্নবাদেবীর নাম। বাংলার বৈষ্ণব-ইতিহাসে তিনিই প্রথম 'গুরুগোস্বামিনী'। এছাড়াও ছিলেন অদ্বৈতপত্নী সীতাদেবী, শ্রীনিবাস আচার্যের কন্যা হেমলতা ঠাকুরাণী প্রমুখেরা। নারীর অবরোধমুক্তি চৈতন্য আন্দোলনের লক্ষ্যে ছিল না কখনওই, তবু সমাজজীবনের এই আলোড়ন সেই অসম্ভবকেও সম্ভব করল। কালে দেখা মিলল মহিলা বৈষ্ণব কবি শ্যামাপ্রিয়া, ইন্দুমুখী, মাধুরীর। বাংলার বৈষ্ণবসমাজে সংকুচিত হলো কৌলীন্যপ্রথা, পণপ্রথা, বহুবিবাহ কিংবা সতীদাহের কলঙ্কদাগ। ষোড়শ শতকীয় এই ভাবান্দোলন জীর্ণ সমাজের বুকে কোন্ সৃষ্টির আবেগ ঘনিয়ে তুলেছিল তার উজ্জ্বল নমুনা ধরা আছে বৈষ্ণব কবি পরমানন্দের আবেগমথিত উচ্চারণে — "নাচিতে না জানি তমু / নাচিয়ে গৌরাঙ্গ বলি / গায়িতে জানি না তমু গাই।" ভগবদ্‌কৃপায় মূকের গিরিলঙ্ঘনের বাচাল হওয়া বা পঙ্গুর অসম্ভব কাল্পনিকতা এ প্রকাশব্যাকুল আবেগেই বাস্তবের ভূমি স্পর্শ করে।

এইখানে সংক্ষেপে একটি কথা সেরে নিতে চাই। মধুরভাবের এই বৈষ্ণবধর্ম তার বিনয়, সহিষ্ণুতা, প্রেম ও দাস্যভক্তির কারণে জাতি হিসাবে বাঙালিকে দুর্বল, কাপুরুষ, অসহায় করে তুলেছিল — এমন অভিমত পোষণ করেন কেউ কেউ। সেক্ষেত্রে আমাদের বলবার কথা শুধু এই যে, মধ্যযুগীয় বাংলায় বৈষ্ণবধর্মের তিনশতাব্দীব্যাপী বিস্তারে — অন্তত তার সূচনাপর্বে এ-ধর্মে বলিষ্ঠতা, শক্তি ও সামর্থ্যের কোনো কমতি ছিল না। চরম বীর্যবত্তা ও পরমপ্রেম সে-ধর্মে পরস্পরের প্রতিকূলে ছিল না, ছিল পরস্পরের পরিপূরক। একদিকে প্রেমময় ক্ষমা অন্যদিকে তেজোময় বীর্য — এ দুয়ের পক্ষপুটেই বাংলার বৈষ্ণবধর্মের প্রাণসঞ্চার। একদিকে চৈতন্যের কাজীদলন ও ছোটো হরিদাস বর্জন, অন্যদিকে জগাই-মাধাই উদ্ধার — এই সিদ্ধান্তকেই সমর্থন করে।

কিন্তু, চব্বিশ বছর বয়সে মহাপ্রভুর সন্যাসগ্রহণ ও বাংলা ত্যাগ করে তাঁর নীলাচলে অবস্থান — বাংলার চৈতন্য আন্দোলনকে ধীরে-ধীরে দুর্বল করে দিল। বাংলার বৈষ্ণব

আন্দোলন ক্রমেই হারাতে থাকল তার সংহতি শক্তি। স্খলিত হতে থাকল তার মহৎ উদ্দেশ্য থেকে। সম্ভবত একারণেই কবি কর্ণপূর তাঁর কাব্যে চৈতন্যের গৌরভূমি ত্যাগকে বাংলার বৈষ্ণবধর্মের সর্বনাশের সূত্রপাত বলে ইঙ্গিত করেছেন। পুরীতে চৈতন্য অদ্বৈত আচার্য ও নিত্যানন্দকেই বাংলায় ধর্ম প্রচারের দায়িত্ব দিয়েছিলেন। কিন্তু অচিরেই শান্তিপুর ও খড়দহ গোষ্ঠীতে বিরোধ বাধল। অবধূত নিতাইয়ের সংস্কারমুক্ত যথেচ্ছাচার বৃদ্ধ অদ্বৈতের পছন্দ ছিল না কোনোদিনই। "পশ্চিমার ঘরে ঘরে খাইয়াছ ভাত। / কুল জন্ম জাতি কেহো না জানি কোথাত।। / পিতামাতা গুরু আদি নাহি জানি কিরূপ।/ খায় পরে সকল বেলায় অবধূত।।' — পরিহাসছলে এহেন তিরস্কার তিনি নিত্যানন্দকে করেছিলেন অনেক আগেই। আর এখন গৌরাঙ্গের অবর্তমানে নিতাইয়ের রাজকীয় বেশ-ভূষা ও পাত্রাপাত্র নির্বশেষে ধর্মপ্রচার তাঁর মনঃপূত হলো না। এতে ভক্তিধর্মে কালিমা প্রবেশ করবে — এই তাঁর মনোভাব। নিত্যানন্দ-অদ্বৈতের এই ব্যক্তিত্বসংঘাতই সম্ভবত প্রকট হয়ে উঠেছিল জগদানন্দের মারফত চৈতন্যের কাছে অদ্বৈতের লেখা এই "তরজা'য় — "বাউলকে কহিও - লোকে হইল বাউল। / বাউলকে কহিও - হাটে না বিকায় চাউল।। / বাউলকে কহিও — কাজে নাহিক আউল না ।/বাউলকে কহিও — ইহা কহিয়াছে বাউল।।" তরজার অর্থ হেঁয়ালিপূর্ণ, তবু দেখা যায় যে এই তরজাপাঠের পরই চৈতন্যের বাহ্যজ্ঞান প্রায় লুপ্ত হলো। বেড়ে গেল বিরহদশা। বস্তুত, চৈতন্যের জীবদ্দশাতেই কিংবা তাঁর তিরোধানের পরে-পরেই বিভিন্ন প্রভাবশালী বৈষ্ণব ব্যক্তিত্বকে কেন্দ্র করে রাঢ়ে-বঙ্গে দেখা দিল নানা দল-উপদল। তত্ত্বে-দর্শনে-জীবনচর্যায়-সাধনার প্রয়োগগত ক্ষেত্রে এরা নিয়ন্ত্রিত হতে থাকল বিভিন্ন গোষ্ঠীনেতার দ্বারা। বৈষ্ণবধর্ম হারিয়ে ফেলল তার অন্তর্নিহিত ঐক্যশক্তি। ড. রমাকান্ত চক্রবর্তী এই বিভিন্ন গোষ্ঠীগুলির যে তালিকা দিয়েছেন তা এইরকম — (১) অদ্বৈত আচার্যের শিষ্য সম্প্রদায়, (২) নিত্যানন্দের শিষ্য সম্প্রদায়, (৩) শ্রীখণ্ডের 'গৌরনাগরবাদী' বৈষ্ণব সম্প্রদায়, (৪) গদাধর পণ্ডিতের অনুগামী 'গদাই গৌরাঙ্গ' সম্প্রদায়, (৫) চৈতন্যপূজক 'গৌরপারম্যবাদী' সম্প্রদায়, (৬) বিষ্ণুপ্রিয়া দেবীর ভক্ত সম্প্রদায়। উপরোক্ত এই গোষ্ঠীগুলির কমবেশি সকলেই মহাপ্রভুর কৃষ্ণকেন্দ্রিক ভক্তিবাদকে পরিণত করেছে 'চৈতন্যবাদ'-এ। চৈতন্যের অবতারত্ব জনসমক্ষে নীলাচলে প্রথম ঘোষণা করেছিলেন অদ্বৈত। কিন্তু মহাপ্রভুকে কৃষ্ণের অবতার জেনেই এঁদের সকলে ক্ষান্ত হননি, এর মধ্যে কেউ-কেউ আবার গোপীজনবল্লভ কৃষ্ণের মতোই গোরাচাঁদকে নদীয়া-নাগর বানিয়ে ছেড়েছেন। ধর্মপথে তখনই দেখা দিয়েছে সংকট, পিচ্ছিলতা। নাগর গোরাচাঁদের সঙ্গে নদীয়া-নাগরীদের মধুর রস আদান-প্রদানের কল্পনা ও তার সাহিত্যিক প্রকাশ কখনও শ্লীলতার সীমা লঙ্ঘন করে গেছে। এই গৌরনাগর ভাবনার পথিকৃৎ নরহরি সরকার তাঁর শিষ্য লোচনদাস সেই সুরেই তান লাগিয়েছেন। এইভাবের একটি পদে লোচনদাস লিখছেন — "দুটি

আঁখি ছলছলায়ে এক নাগরী বলে। /গৌরদেহের কিবা জানি রসে অঙ্গ ঢলে।।/ অনেকদিনের কিবা সাধ ছিল মোর অধররস পিতে। /মনের দুখে ভাবনা করে শুয়েছিলেম রেতে।। যখন আমি মাঝনিশিতে ঘুমে হয়েছি ভোরা। /তখন আমি দেখছি যেন বুকের ওপর গোরা।।/নবকিশোর গা খানি তার কাঁচা ননী হেন।/ভুজলতায় বেঁধে কথা কয় ছেড়ে দিব কেন।।' সাধকের মর্মসাধনায় এ ভাবনার গুরুত্ব কতখানি জানি না, কিন্তু এভাবের খুল্লাম্-খুল্লা প্রচার সাধারণজনমানসের পক্ষে অত্যন্ত বিপজ্জনক। পরবর্তীকালের যৌন-স্বেচ্ছাচারের সহজিয়া বৈষ্ণব সম্প্রদায়ের কাছে এর প্ররোচনা যথেষ্ট। এভাবেই বাংলার বৈষ্ণব ধর্ম কলুষিত-কলঙ্কিত হয়ে যাচ্ছিল। তা শিথিল হয়ে পড়ছিল ভিন্ন-ভিন্ন মাত্রায়, হয়ে উঠছিল সাম্প্রদায়িক। ফলে প্রয়োজন হয়েছিল বাঁধ বাঁধার। চৈতন্য নিজে রচনা করে যান নি এ-ধর্মের কোনো ভাষ্য, 'শিক্ষাষ্টক' ছাড়া তাঁর রচনাকীর্তির আর কোনো নিদর্শন বা উল্লেখ নেই। তাঁর ভাববিহ্বল, দিব্যোন্মাদ, স্বল্পায়ু জীবনে সুস্থিত রচনাবকাশই বা কোথায়?

বাংলার বৈষ্ণবধর্মের এই সংকটকালে এগিয়ে এলেন বৃন্দাবনের গোস্বামীরা। চৈতন্য তিরোধানের অব্যবহিত পরেই তাই এ-ধর্মের বহুমাত্রিক উচ্ছলতাকে একটি কেন্দ্রীয় তত্ত্বের অবতারণায় দৃঢ় অনুশাসন শৃঙ্খলে বাঁধতে মন দিলেন তাঁরা। রচিত হলো সংস্কৃতে বহু ভক্তিশাস্ত্র, রসতত্ত্ব, অলংকারগ্রন্থ, বৈষ্ণবস্মৃতিসংহিতা। অশীতিপর কৃষ্ণদাস কবিরাজ বৃন্দাবনে বসেই বাংলায় লিখলেন 'চৈতন্যচরিতামৃত' কাব্য। সে-কাব্যে সংস্কৃত গ্রন্থগুলিরই সারকথা তুলে ধরা হলো। সেইসব বৃন্দাবনীভাষ্য বাংলায় প্রচার করতে তৎপর হলেন জাহ্নবাদেবী, শ্রীনিবাস, নরোত্তম। বিভিন্ন দল-উপদলে বিভক্ত বাংলার বৈষ্ণব ধর্মকে বাঁধতে গৌড় এবং বৃন্দাবনের ধ্যান-ধারণার মিলন ঘটাতে আয়োজিত হলো খেতুরী সম্মেলন। কিন্তু এতসব সত্ত্বেও ফিরে পাওয়া গেল না হারানো যুগকে। বৃন্দাবনের গোস্বামীদের বিপুল রচনাকর্ম গৌড়ীয় বৈষ্ণবধর্মকে সর্বভারতীয় গ্রহণযোগ্যতায় অভিষিক্ত করল সন্দেহ নেই, কিন্তু চৈতন্য-অনুপ্রাণিত বাংলার ভাবান্দোলনের সঙ্গে সাযুজ্যের প্রশ্নে রেখে গেল তর্কের অবকাশ। তাঁদের সেই প্রয়াস নামরসে বিভোর অগণ্য বৈষ্ণব জনতার নাগাল থেকে দূরে ধর্মকে করে তুলছে জটিল — সূক্ষ্ম মেধা ও মননের সম্পদ। এই গ্রন্থগুলিতে আলোচিত যুগল-রসতত্ত্ব, গোপীতত্ত্ব, পরকীয়া তত্ত্ব, মধুর রসের গহন, জটিল অরণ্যে অখ্যাত, অজ্ঞাত জনতার প্রবেশাধিকার নেই। বৃন্দাবনের গোস্বামীদের ধর্মের সীমা সংরক্ষণের এই মহৎ প্রচেষ্টা চৈতন্য ধর্মান্দোলনেরও সমাপ্তি টানল। কেননা ধর্মরক্ষার্থে যখন শাস্ত্রগ্রন্থ রচিত হয়, তখন সে ধর্ম হয়ে পড়ে প্রতিষ্ঠানিক। কিন্তু যে-কথা বিশেষভাবে বলবার তা-হলো, যে ব্রাহ্মণ্য স্মার্ত-সংস্কারের বিরুদ্ধে চৈতন্য ধর্মের উত্থান, সংস্কৃতে রচিত বৈষ্ণবস্মৃতিসংহিতা বাংলার বৈষ্ণব সমাজের উপর পুনর্বহাল করতে

চাইল সেই ব্রাহ্মণ্য আধিপত্যকেই। বর্ণশ্রেষ্ঠরূপে ব্রাহ্মণের মহিমা তাই স্বীকৃত হয়েছে গোপালভট্টের 'হরিভক্তিবিলাস'-এ। কেবল তাই নয়, শূদ্রের অন্নগ্রহণ ব্রাহ্মণের পক্ষে নিষিদ্ধ করা হয়েছে, উচ্চবর্ণের লোকের পক্ষে সূর্যের দিকে তাকিয়ে চণ্ডালদর্শনজাত পাপ খণ্ডনের নিদানও মিলেছে এই গ্রন্থে। চৈতন্যোত্তর কালে ব্রাহ্মণ্য সংস্কারের এই আগ্রাসনেরই বাস্তবরূপ চোখে পড়ে খেতুরীর মহোৎসবে সদ্‌গোপ শ্যামানন্দের দেহে দিব্য, স্বর্ণ উপীবত কল্পনায়। এরই ফলশ্রুতিতে এ ধর্মে ক্রমে জাঁকিয়ে বসল গুরুগিরি, নারীর স্থান সংকুচিত হতে থাকল, বৈষ্ণব-ব্রাহ্মণের তুলনায় ব্রাহ্মণ-বৈষ্ণব পেল অধিক মর্যাদা। সমাজে নিম্নবর্ণ ও বণহীন নামগোত্রহীন জনতা ব্রাহ্মণ্যবাদের এই আঁটোসাটো বাঁধুনি দেখে গৌড়ীয় বৈষ্ণবধর্ম থেকে মুখ ফিরিয়ে আত্মগোপন করল নানান সহজিয়া, দল-উপদলের ছত্রছায়ায়। কেননা অনেক দোষের মধ্যেও সেখানে আছে সহজ প্রাণাবেগের স্পর্শ, আছে মানুষের মনুষ্যত্বের স্বীকৃতি। যে প্রেম ও মানবমুখিনতা চৈতন্যধর্মান্দোলনের লক্ষ ছিল, তা হারিয়ে এ-ধর্ম আবার হয়ে পড়ল আচার-কণ্টকিত, রক্ষণশীল, কতকাংশে প্রতিক্রিয়াশীল। তার আনুভূমিক সচলতা হয়তো ছিল, কিন্তু ছিল না উল্লম্ব সচলতার সুযোগ। একটি সম্ভাবনাময় ধর্মান্দোলনের এই শোকাবহ পরিণতি দেখে বাংলার লোকায়ত সাধকের কণ্ঠে অনেক আক্ষেপ আর আর্তি নিয়ে জেগে উঠল এই গান — ‘‘গৌরাঙ্গের মর্ম লোকে বুঝিতে নারিলা।।’ এ গানের বানীর সত্যতাকে কিন্তু কোনোমতেই অস্বীকার করা যায় না।

সহায়ক গ্রন্থতালিকা —

- অসিতকুমার বন্দোপাধ্যায় — বাংলা সাহিত্যের ইতিবৃত্ত (দ্বিতীয় খণ্ড)
- অনিরুদ্ধ রায়, রত্নাবলী চট্টোপাধ্যায় সম্পাদিত — মধ্যযুগে বাংলার সমাজ ও সংস্কৃতি
- অবন্তীকুমার সান্যাল ও অশোক ভট্টাচার্য সম্পাদিত — চৈতন্যদেব ইতিহাস ও অবদান
- মহানামব্রত ব্রহ্মচারী — গৌর কথা
- Ramakanta Chakrabarty – Vaisnavism In Bengal
- কলিকাতা বিশ্ববিদ্যালয় — বৈষ্ণব পদাবলী (চয়ন)

অ্যাবসার্ড ড্রামা ও বাদল সরকারের 'বাকি ইতিহাস'

উত্তম পুরকাইত
বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ
(অংশকালীন প্রভাষক)

'What shall I do this absurdity' — (W.B. Yeats - 'The Tower' 1923)

আমাদের যা কিছু সুন্দর, মঙ্গলময়, সত্যের ধারণাগুলো নিয়ে আমরা কি করতে পারি! ফরাসী বিপ্লবের গণমুক্তির পর আত্মমুক্তির যে পথ রোমান্টিক কবিরা খুঁজে পেয়েছিলেন সেই ফিনিক্স পাখির পশ্চাৎধাবন উনবিংশ শতাব্দীর মধ্যপর্বে মেটিরিয়াল ফিলোজফি -র প্রাধান্যে, বিজ্ঞানের অভূতপূর্ব আবিষ্কারে এবং ধনতান্ত্রিক বিশ্বের শোষণের ফাঁদে মুখ থুবড়ে পড়ল। প্রথমত ফ্রান্স ও পরে ইংল্যাণ্ডের চিত্রশিল্পী ও কবিরা মানববোধের অস্তিত্বের সংকট ও জটিল জীবনাবর্তকে ফুটিয়ে তুলতে চেষ্টা করে যাচ্ছিলেন তাঁদের আধুনিকতম ছবি ও কবিতায়। সাহিত্যের বিষয় ও প্রকাশভঙ্গি নিয়ে রোমান্টিক যুগের পরবর্তীকালীন আন্দোলন-(ইমেজিস্ট, সাংকেতিক, প্রকাশবাদিতা, পরাবাস্তবতা ইত্যাদি) গুলি চলছিল নিজস্ব ধারায়। নাট্যশিল্পেও এই আধুনিকতা স্পষ্ট হয়ে ওঠে মেটারলিঙ্ক, ইবসেনের সাংকেতিক নাটকগুলিতে। কিন্তু সমাজবিজ্ঞানের বৈজ্ঞানিক ধারাকে আশ্রয় করে বার্নাড শ, কিংবা আরও পরে (অ্যাবসার্ড নাটকের প্রায় সমকালীন যুগের নাট্যকার) বের্টল্ট ব্রেখট এক উন্নত মানবসমাজ ও গণজাগরণের স্বপ্ন দেখিয়ে যাচ্ছিলেন বিংশ শতাব্দীর মধ্যপর্ব পর্যন্ত। এই প্রখ্যাত নাট্যকারদের আড়ালে অস্তিত্বের সংকট নিয়ে নাট্যশিল্পের আর একটি ধারা গড়ে উঠছিল ততদিনে আবিষ্কৃত কাফকা, কামু, সার্ত - এঁদের দার্শনিক ভাবনার ভিত্তিতে।

প্রথম বিশ্বযুদ্ধের পর সোভিয়েত বিপ্লব নতুন স্বপ্ন দেখালেও যুদ্ধের ছায়া মুছে গেল না ইউরোপ তথা সারা বিশ্বে। মানুষের হাতে গড়া সভ্যতা মানুষের হাতে ধ্বংসের উন্মাদ লীলায় পর্যবসতি হল। বিশ্বজুড়ে শিল্পবিপ্লবের পরবর্তী সাফল্যে মানবসভ্যতার যে আভিজাত্য, দম্ভ এবং দ্রুত এক অসম্ভব কল্পিত স্বর্গলোকে পৌঁছে যাবার যে নেশা তৈরি হয়েছিল, বিশ্বযুদ্ধে সেই সভ্যতা চরমতম আর্থিক বিপর্যয় ও অগণিত মৃত্যুর মুখে দাঁড়িয়ে বাঁচবার অদ্ভুত কৌশল আবিষ্কারে ভাঙতে শুরু করল ঐতিহ্যগতভাবে বহে আনা মূল্যবোধ, অতীন্দ্রিয় জগতের প্রতি বিশ্বাস, ন্যায়নীতি ও সত্যের প্রথাগত

ধারণাগুলোকে। এই বৈশ্বিক প্রেক্ষাপটে ইয়ট্‌স এর উদ্ধৃত পংক্তি কিংবা এলিয়ট - র *'The Waste Land', 'The Howllow-men'* -এর আকার সর্বস্ব মানবসভ্যতার অনুর্বরতা ও শূন্যতার চিত্রকল্প ছিল স্বাভাবিক। অ্যাবসার্ড নাটক স্ব-মূর্তিতে আত্মপ্রকাশ করল বিংশ শতাব্দীর মধ্যপর্বে বটে, তার পূর্ব প্রস্তুতি গড়ে উঠেছিল শতাব্দীর সূচনা বা প্রথম বিশ্বযুদ্ধের প্রতিঘাতের গর্ভ থেকে।

খুব সাধারণ ভাবে অ্যাবসার্ড নাটকে বলতে চাওয়া হয় 'মানববোধ' অনিবার্যভাবে উদ্ভট। *('human condition is essentially absurd')* এই বিশৃঙ্খল, সংশয়াচ্ছন্ন, মানববিশ্বে কোনো সত্যের সন্ধান নিছক পাগলামি। মানুষের সমস্ত প্রচেষ্টা শুধু পরাজয়। অস্তিত্বহীনতার এই ভাবনা ও তার নাটকীয় রূপায়ণ -এর উৎস সন্ধানে এম. এইচ. আব্রামস জানিয়েছেন - *"Both the mood and dramaturgy of absurdity were anticipated as early as 1896 in Alfred Jarry's French play 'Ubu roi' (Ubu the King)."* ১৯২০ সালে কাফ্‌কা লিখলেন তাঁর রূপান্তরবাদের দর্শন *('The Trial, Metamorphosis')*। অস্তিত্বহীনতার সংকট ভয়ঙ্কর চেহারা পেল দ্বিতীয় বিশ্বযুদ্ধের দিনগুলিতে। এককথায় দু'টি বিশ্বযুদ্ধকে দেখা মানবসভ্যতার বীভৎস ট্র্যাজেডির মুখোমুখি হওয়া। ইয়ট্‌স -র মত এদেশের কবিরও মনে হয় 'শান্তির ললিতবাণী শোনাইবে ব্যর্থ পরিহাস'। দোদুল্যমানতার সংকট দ্বিধামুক্ত চিত্তে ঘোষণা করল মানুষের এতদিনের সভ্যতা, সংস্কৃতি, মানববোধের ধারণা মিথ্যা। কোন বিবেকবোধই এই ধ্বংসলীলা প্রতিরোধ করতে সেভাবে এগিয়ে এল না। ইতালি, জার্মানীর ভয়ঙ্কর ত্রাসকে সোভিয়েত যুদ্ধ করে ঠেকিয়ে দিল বটে, তবে এই বিশৃঙ্খল মানুষের রাজ্যে প্রাচীন মূল্যবোধকে খোঁজার ব্যর্থ পরিহাসও কটাক্ষ রূপে দেখা দিল। এক অবিশ্বাস ঘোরতর বিশ্বাস রূপে, অনিশ্চয়তাই নিশ্চয়তা রূপে, সত্যের জন্য, ঈশ্বরেব জন্য, ধর্মের জন্য অপেক্ষমান মানুষের জাগরণ চরমতম মিথ্যাচার রূপে ধরা পড়ল সমস্ত সাহিত্যে। বিশ্বস্ততার সঙ্গে নাট্যকাররা প্রমাণ করতে চাইলেন *'human being as an isolated existent' (Theory of Existention philosophy* - জাঁ পল সার্ত্র)। শূন্যতা থেকে শুরু করে মানুষের সভ্যতা যদি শূন্যতায় শেষ হয় — *'as an existence which is both anguished and absured.'* অ্যালবেয়ার কামু ফিরিয়ে আনলেন গ্রীক মিথের সিসিফাসের ব্যর্থ প্রচেষ্টার ধারণাকে - *"In a universe that is suddenly deprived of illusions and of light, man feels a stranger. His is an irremediable exile..... This divorce between man and his life, the actor and his setting, truly constituted the feeling of Absurdity."* ইউজেন আইনেস্কো তাঁর "The Bald Soprano' (1949) নাটকে দেখালেন মানুষ যা কিছু

অঙ্কন করে তা অর্থহীন, একপ্রকার বিদ্রূপই সে কেবল রচনা করতে পারে। মানুষের ত্যাগ কেবল tragic irony তৈরি করতে সক্ষম।

এই পথ ধরে অ্যাবসার্ড ড্রামা আলোড়ন সৃষ্টি করে স্যামুয়েল বেকেট-এর '*Waiting for Godot*' (1954) অভিনয়ের মধ্যে দিয়ে। গোড়ো এক অজানা কোনো কিছু বা কেউ। তিনি থাকতেও পারেন, নাও পারেন - তবু তারই অপেক্ষায় দীর্ঘ রাত্রি-দিন কাটিয়ে হয়রান হয়েছে ভ্লাদিমির ও এস্ত্রাগণ। 'চলো যাই' বললেও তারা কোথাও যেতে পারে না। এক উদ্ভট, পারম্পর্যহীন অপেক্ষা ও ঘোরাঘুরির মধ্যে দিয়ে তারা বুঝতে পারে — "*Nothing happens, nobody comes, nobody goes, it's awful.*" । এই নাটকই প্রমাণ করে অ্যাবসার্ডিটি -র ধারণাকে। এর বৈশিষ্ট্য রূপে বলা যায় (ক) নাট্যকার সচেতন ভাবে ব্যবহার করেন নির্দিষ্ট বিষয়হীন সংলাপ, যা অবশ্যই কৌতুক বা কৌতূহলজনক এবং অংশত বোকামিপূর্ণ। (খ) নাট্যদৃশ্যে চলতে থাকবে ধারাবাহিক সংশয়াচ্ছন্ন আতঙ্ক এবং ট্র্যাজিক বেদনা, যা প্রমাণ করবে আমাদের অস্তিত্বের শূন্যতা।

নাট্যকার বাদল সরকার কর্মসূত্রে ইংল্যাণ্ড থেকে ফ্রান্সে পৌঁছে, স্বচক্ষে দেখেছেন অ্যাবসার্ড নাটকগুলি। তারই প্রতিফলন ঘটে বাংলা সাহিত্যের প্রথম অ্যাবসার্ড নাটকরূপে পরিচিত 'এবং ইন্দ্রজিৎ' নাটকে। 'নবান্নে'র পর বহুরূপীর রবীন্দ্রনাথের সাংকেতিক নাটকগুলি ফিরিয়ে আনা এবং তার অল্প পরে বিশ্বসাহিত্যের আধুনিকতম নাট্যধারা রূপে বাংলায় অ্যাবসার্ডের সূচনা। কিন্তু সচেতনভাবে অ্যাবসার্ড ড্রামার-র প্রকৃত রূপায়ণ 'এবং ইন্দ্রজিৎ' -এও হয়নি। বেকেটের তৈরি করা নাটকীয়তা, সংশয়াচ্ছন্নতা, আতঙ্ক ও ট্র্যাজিক বেদনা যেভাবে অস্তিত্বহীনতাকে প্রতিষ্ঠা দিতে পারে 'এবং ইন্দ্রজিৎ' তার অনুগামী হয়েও ততোধিক সফল নয়। 'বাকি ইতিহাস'ও অ্যাবসার্ড ধারার নাটক বলে পরিচিত কিন্তু অ্যাবসার্ডের ধর্ম অপেক্ষা এখানে বড়ো হয়ে ওঠে সাহিত্যকারদের বানিয়ে তোলা ইতিহাসের প্রতি ব্যঙ্গ। তবে অ্যাবসার্ডের অনেকগুলি বৈশিষ্ট্য এই নাটকেও নাট্যকার ব্যবহার করেছেন।

অ্যাবসার্ড নাটক প্রত্যাখ্যান করে অস্তিত্বের বাস্তবতা, যুক্তির পারম্পর্য; নাট্যচরিত্রেরা বিশেষ কোনো পরিচিতি পায় না, একজন হয়ে ওঠে আর একজন, তারা বোঝাতে চায় তারা বিচ্যুত হয়েছে সমস্ত রকম ঐতিহ্য থেকে, তারা হারিয়ে ফেলেছে সব, তাদের সমস্ত ক্রিয়াই অসচেতন, উদ্ভট এবং অব্যবহার্য - তাই জীবন মানে অর্থহীনতা। এই নাটকের উপস্থাপনাতেও নাট্যকার পুরানো শৈলী ব্যবহার করেন না। তবে বোঝা যায় কিভাবে নাট্যকার এতদিনের যুক্তিপরতা-স্বচ্ছতার ধারণাকে ভাঙছেন। পুরানো

সংস্কৃতির পুনর্নির্মাণের মাধ্যমে কিভাবে এক বুদ্ধিনির্ভর সভ্যতার কথা এতদিন ভাবা হয়েছিল, কিভাবে সামাজিক, রাষ্ট্রিক কাঠামোর পুনর্গঠনের যে একটা চেষ্টা মানুষ চালিয়ে এসেছে, কিভাবে ভাবা হয়েছিল সাহিত্যিকের সত্য নির্মাণ ও তাকে প্রতিষ্ঠার নাটকীয়তা - অ্যাবসার্ড নাটক নিজস্ব শৈলী নির্মাণ করে সেই সব ধারণা ভেঙে চুরমার করে দেয়। যেহেতু অ্যাবসার্ড অস্তিত্বের ধারণাকে ভাঙতে চায়, সেহেতু তার গঠনও নির্দিষ্ট নয়। 'বাকি ইতিহাস'-র ভূমিকায় নাট্যকার জানিয়েছেন - 'এটি সম্পূর্ণ মৌলিক নাটক'। নবান্নের এপিক নাটকের সমগ্রতার পরে একাঙ্ক নাটক এক রাজনৈতিক আন্দোলনের চেহারায় জনপ্রিয় হয়ে ওঠে। বাদল সরকার এই নাটকে তিনটি একাঙ্ক নাটককে জুড়ে দিয়েছেন অ্যাবসার্ডের ধারণা প্রতিষ্ঠাকারি তিনটি গল্পের মাধ্যমে। তিনটি কাহিনি তিনটি অঙ্কে পরিবেশিত। তিনটি গল্প তিন রকম আবার তারা একটাই গল্পও বটে। দু-জন গল্প রচয়িতা শরদিন্দু ও বাসন্তী এবং গল্পের প্রধান দুই পাত্র-পাত্রী সীতানাথ ও কণা তিনটি গল্পে একই নামে পরিচিত। শরদিন্দু ও বাসন্তী, সীতানাথ ও কণা ভিন্ন দুই জোড়া দম্পতিও বটে আবার তারা একও বটে। গল্প রচয়িতা বাসন্তী, শরদিন্দু এবং তিনটি গল্পের সীতানাথ ও কণা একই শূন্যতায় এসে মিশে যায়, নাট্যকার তৈরি করেন এক অদ্ভুত সংশয়াচ্ছন্নতা। তিনটি অঙ্ক বিশ্লেষণ করলেই অ্যাবসার্ডের বৈশিষ্ট্যগুলি স্পষ্ট হয়ে উঠবে।

প্রথম অঙ্কের মঞ্চ নির্দেশেই সংশয়, ও ট্রাডিশন ভঙ্গের ইঙ্গিত - ''ভবানীপুরের কোন এক অপ্রশস্ত রাস্তায় কোন এক বয়স্ক তেতলা বাড়ির দোতলায় শরদিন্দু নাগের ফ্ল্যাট।'' ফ্ল্যাটের ভিতরকার দৃশ্যে একদিকে শোবার ঘর অন্যদিকে সদর দরজা ও বসবার ঘর এবং মঞ্চের পিছন দিকের রান্নাঘর আসলে বসবার ঘরেরই একটি শাখা। বসবার ঘরের মধ্যে বয়স্ক তিনটি চেয়ার এবং সর্বশ্রেষ্ঠ আসবাব - 'একটি বুককেস' - এ থেকে বোঝা যায় শরদিন্দুর ঘরগুলি ভিন্ন হয়েও একই, গোলকধাঁধা; আর অধ্যাপক হওয়ার সুবাদে বেশকিছু ট্রাডিশনের চিহ্ন। এই মঞ্চ নির্দেশ পরবর্তী গল্পগুলির জন্যও প্রয়োজন ছিল। অর্থাৎ শুরু থেকেই শরদিন্দু ও বাসন্তীর জীবনকাহিনিকে নাট্যকাহিনিতে এসে পড়া গল্প দুটির সঙ্গে একাকার করে দেবার প্রচেষ্টা। অ্যাবসার্ড নাটকের প্রস্তুতি পর্বটিকে এভাবে ধরতে চেয়েছেন নাট্যকার।

অধ্যাপক শরদিন্দু ও শিক্ষিকা বাসন্তীর রবিবারের ছুটির পরিকল্পনা দিয়ে নাট্যকাহিনি শুরু হল। তাদের সংলাপে শুরু থেকেই বৈপরীত্য ও সিদ্ধান্ত বদল চলতে থেকেছে। ডায়মণ্ড হারবার নাকি বোটানিক্যাল গার্ডেন কিংবা আত্মীয় বাড়ি যাবার পরিকল্পনা একে একে বাতিল হয়ে গেলে দু-জনেই বসতে লাগলেন নিজস্ব সৃষ্টির কাজে।

কিন্তু শরদিন্দুর বারবার কলেজের পত্রিকার জন্য প্রবন্ধ লেখার একঘেয়েমিতে অনীহা এবং বাসন্তীর দু'টি গল্প ছাপা হলেও পরের গল্পের প্লট না পাওয়ায় গল্প লেখার অনীহা। অবশেষে শরদিন্দুই বাসন্তীকে সংবাদ পত্রের 'উদ্‌বন্ধনে আত্মহত্যা' দেখিয়ে প্লট ধরিয়ে দিলেন। নাট্যকার শরদিন্দুকে 'নাট্যসাহিত্যে আধুনিকতা' প্রবন্ধ লেখা থেকে সরিয়ে নিয়ে দর্শকের কাছে এই ধারণা পৌঁছে দিলেন বর্তমান নাটকটিই নাট্যসাহিত্যের আধুনিকতাকে ফুটিয়ে তুলবে।

